আল কুরআন
অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি
তিনি বললেন, পরওয়ারদেগার! কেমন করে আমার সন্তান হবে; আমাকে তো কোন মানুষ স্পর্শ করেনি। বললেন এ ভাবেই আল্লাহ যা ইচ্ছা সৃষ্টি করেন। যখন কোন কাজ করার জন্য ইচ্ছা করেন তখন বলেন যে, ‘হয়ে যাও’ অমনি তা হয়ে যায়।
সুরা আল ইমরান ৪৭

দৈনিক
কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ॥ শনিবার ॥ ১৩ জুন ২০২৬ ॥ ২৬ জিলহজ্জ ১৪৪৭ ॥ ৩০ জ্যৈষ্ঠ ১৪৩৩ ॥ ১০ম বর্ষ ॥ ০৪ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা

নতুন আঙ্গীকে, অত্যাধুনিক প্রযুক্তিতে
বিশ্বমানের সিমেন্ট
এ্যাঙ্কর সিমেন্ট
স্থায়ীত্বের মজবুত বন্ধন
সেবা : ০১৯১০০৬৬৬৫৫, ০১৭১১৩২৭৭০৫

হাইকোর্টে একদিনে ৬১৯৯ মামলা নিষ্পত্তি ৩ দিনে ১৩২৮৮

কীর্তনখোলা ডেস্ক
প্রধান বিচারপতির নির্দেশনায় হাইকোর্ট বিভাগের ১৪টি বিশেষ বেঞ্চে মাত্র এক কার্যদিবসে রেকর্ড সংখ্যক ৬ হাজারেরও ২ এর পাতায় দেখুন

বাজেটে এত বড় ছাড় আগে দেখতে পাইনি: মির্জা ফখরুল

কীর্তনখোলা ডেস্ক
২০২৬-২৭ সালের প্রস্তাবিত বাজেটকে উৎপাদন, বিনিয়োগ ও ব্যবসাবান্ধব একটি ‘ক্রিয়েটিভ’ বাজেট হিসেবে অভিহিত ২ এর পাতায় দেখুন

স্বল্পোন্নত থেকে উন্নত দেশে উত্তরণের পথে চূড়ান্ত বাধা এই বাজেট: গোলাম পরওয়ার

কীর্তনখোলা ডেস্ক
বাংলাদেশ জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার বলেছেন, প্রস্তাবিত ২০২৬-২৭ অর্থবছরের ২ এর পাতায় দেখুন

ভঙ্গুর অর্থনীতিকে দিশা দেখানোর মতো বাজেট হয়নি: নাহিদ

কীর্তনখোলা ডেস্ক
জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক ও বিরোধীদলীয় চিফ হুইপ নাহিদ ইসলাম বলেছেন, ‘রাজনৈতিক সংস্কারের ২ এর পাতায় দেখুন

বরিশালে আর্জেন্টিনা-ব্রাজিলের পাল্টাপাল্টি শোভাযাত্রা

কীর্তনখোলা রিপোর্ট
ফুটবল বিশ্বে চিরপ্রতিদ্বন্দ্বী আর্জেন্টিনা ও ব্রাজিলের সমর্থকদের পালটাপালটি শোভাযাত্রায় মুখর হয়ে উঠেছে বরিশাল নগরী। শুক্রবার (১২ জুন) বিকেলে নগরীর বেলস পার্কে পৃথক মোটরসাইকেল শোভাযাত্রা নিয়ে জড়ো হন দুই দলের সমর্থকরা। এর আগে ও পরে নগরীর বিভিন্ন সড়কে মোটরসাইকেল শোভাযাত্রা করেন সমর্থকরা। এ সময় আর্জেন্টিনা ও ব্রাজিলের জার্সি পরে প্রিয় দলের পক্ষে বিভিন্ন স্লোগান দিতে দেখা যায় তাদের। মোটরসাইকেলে জাতীয় পতাকা, দলের পতাকা ও ব্যানার বহন করেন সমর্থকেরা। প্রত্যক্ষদর্শীরা জানান, বিকেলের দিকে আর্জেন্টিনা ও ব্রাজিল সমর্থকেরা পৃথকভাবে শোভাযাত্রা বের করেন। শোভাযাত্রাগুলো নগরীর গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ করে বেলস পার্ক এলাকায় এসে শেষ হয়। এ সময় সমর্থকদের মধ্যে উৎসবমুখর পরিবেশ বিরাজ করে। সমর্থকেরা বলেন, ফুটবলপ্রেম থেকেই তারা এমন আয়োজন করেছেন। প্রিয় দলের প্রতি ভালোবাসা প্রকাশ এবং ২ এর পাতায় দেখুন

হাম ও উপসর্গে মৃত্যু বেড়ে দাঁড়াল ৬৪৩ জনে

কীর্তনখোলা ডেস্ক
দেশে গত নতুন করে হামের উপসর্গ নিয়ে আরও একজনের মৃত্যু হয়েছে। এই সময়ে হামে আক্রান্ত হয়ে কোনো মৃত্যু নেই। চলতি বছরের ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত হাম ও হামের উপসর্গে মোট ৬৪৩ জনের মৃত্যু হয়েছে। শুক্রবার স্বাস্থ্য অধিদপ্তরের প্রকাশিত হামবিষয়ক প্রতিবেদনে এই তথ্য জানানো হয়েছে। প্রতিবেদনে বৃহস্পতিবার সকাল ৮টা থেকে শুক্রবার সকাল ৮টা পর্যন্ত ২৪ ঘণ্টার তথ্য তুলে ধরা হয়েছে। প্রতিবেদনে বলা হয়, গত ২৪ ঘণ্টায় সন্দেহজনক হামরোগীর সংখ্যা ১ হাজার ২৭ জন এবং গত ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত সন্দেহজনক হামরোগীর সংখ্যা ৮৪ হাজার ২৬৬ জন। গত ২৪ ঘণ্টায় নিশ্চিত হামরোগীর সংখ্যা ১২৬ জন। গত ১৫ মার্চ থেকে এ পর্যন্ত নিশ্চিত হামরোগীর সংখ্যা ২ এর পাতায় দেখুন

চরবাড়িয়া ইউনিয়নের ভেদুরিয়া খাল পুনঃখনন কাজের উদ্বোধন শেষে দোয়া-মোনাজাতে উপস্থিত অ্যাড. মজিবর রহমান সরোয়ার এমপি -কীর্তনখোলা

সরকার জ্ঞানভিত্তিক প্রজন্ম গড়াকে গুরুত্ব দিচ্ছে : তথ্যমন্ত্রী স্বপন

গৌরনদী প্রতিনিধি
তথ্য ও সম্প্রচার মন্ত্রী জহির উদ্দিন স্বপন এমপি বলেছেন, সরকার জ্ঞানভিত্তিক প্রজন্ম গড়ার কাজকে অত্যন্ত গুরুত্ব দিচ্ছে। এ লক্ষ্যে শিক্ষার্থীদের মধ্যে উদ্ভাবনী চিন্তা ও বিজ্ঞানভিত্তিক গবেষণা এবং প্রযুক্তি নির্ভর সমাধান তৈরির দক্ষতা এবং যোগ্যতা গড়ে তুলতে শিক্ষা কারিকুলাম পুনর্গঠন করা হচ্ছে। শুক্রবার বরিশালের গৌরনদীতে স্কুল-কলেজের শিক্ষার্থীদের অংশগ্রহণে অনুষ্ঠিত উপজেলা পর্যায়ের “স্টার্টআপ বিজ্ঞান প্রকল্প এবং উদ্ভাবনী ধারণা প্রদর্শন কর্মসূচি’র উদ্বোধনী অনুষ্ঠানে ভার্চুয়ালি যুক্ত হয়ে প্রধান অতিথির বক্তৃতাকালে মন্ত্রী এ সব কথা বলেন। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তরের এডুকেশনাল এক্সিলেন্স সাপোর্ট স্কিম (ইইএসএস) এসিডিটি‘র ২ এর পাতায় দেখুন

বরিশালে পুলিশের অভিযানে মাদকসহ গ্রেফতার ২৯

কীর্তনখোলা রিপোর্ট
বরিশাল মহানগরীর সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণ ও অপরাধ দমনে গত ২৪ ঘণ্টায় বিশেষ অভিযান পরিচালনা করেছে বরিশাল মেট্রোপলিটন পুলিশ (বিএমপি)। অভিযানে ১০০ পিস ইয়াবাসহ মোট ২৯ জন অভিযুক্তকে গ্রেফতার করা হয়েছে। পুলিশ সূত্রে জানা গেছে, বিএমপির আওতাধীন ০৪টি থানা এবং মহানগর গোয়েন্দা (ডিবি) শাখার পৃথক পৃথক টিম নগরীর বিভিন্ন এলাকায় এই বিশেষ আভিযানিক কার্যক্রম পরিচালনা করে। অভিযানকালে বিভিন্ন অপরাধে জড়িত থাকার অভিযোগে মোট ২৯ জনকে গ্রেফতার করা হয়েছে। মাদক উদ্ধার ও গ্রেফতার: নগরীর বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে ১০০ পিস ২ এর পাতায় দেখুন

ছয় সড়কের কাজ: টেন্ডার জমার দুই মাসেও শুরু হয়নি সংস্কার

মেহেন্দিগঞ্জ প্রতিনিধি
বরিশালের মেঘনা নদীঘেরা মেহেন্দীগঞ্জ পৌর এলাকার গুরুত্বপূর্ণ ছয়টি সড়ক সংস্কারের জন্য টেন্ডার (দরপত্র) জমা দেওয়ার দুই মাস পেরিয়ে গেলেও সংস্কার কাজ শুরু হয়নি। দরপত্র জমা দেওয়া ১২টি প্রতিষ্ঠানের মধ্যে প্রথম সর্বনিম্ন দরদাতাকে কাগজপত্রে ত্রুটির অজুহাতে বাদ দেওয়া হয়েছে। অভিযোগ উঠেছে, মেহেন্দীগঞ্জ পৌরসভার প্রকৌশলী শাহাদাত করিম তাঁর পছন্দের লোকজনকে ২৩ কোটি টাকার এই কাজ দেওয়ার পাঁয়তারা করছেন। এ কারণে ঠিকাদারের নাম এখন পর্যন্ত ঘোষণা করা হয়নি। টেন্ডার হওয়া মেহেন্দীগঞ্জ পৌরসভার ছয়টি রাস্তা হচ্ছে, চরহোগলা কালামিয়া ডিসি থেকে নতুন এতিমখানা, পাচানিঘাট ব্রিজ থেকে হাসপাতাল রোড, খেজুরতলী ব্রিজ থেকে আলী হাওলাদারের বাড়ি কালিকাপুর বাউন্ডারি ব্রিজ পর্যন্ত, চুনারচর ডাক বাংলো থেকে মৃধারহাট, পুরাতন স্টিমারঘাট হতে নতুন স্টিমারঘাট এবং আজাদ ভান্ডারের ঘাট থেকে উত্তর বাজার মসজিদ পর্যন্ত। মেহেন্দীগঞ্জ পৌরসভার ৫নং ওয়ার্ডের সাবেক কাউন্সিলর জিয়া উদ্দিন সুজন বলেন, একটি সড়কের তেঁতুলতলা থেকে সিটিসেল পর্যন্ত অংশের অবস্থা বেহাল। এখন জলাবদ্ধতা ঠেকাতে সড়কে বস্তা ফেলে রাখা হয়েছে। একই ওয়ার্ডের কালিকাপুর গুচ্ছগ্রাম সড়ক অংশও চলাচলের অযোগ্য। সড়কের বেহাল দশায় পৌরবাসী এই বর্ষায় দুর্ভোগ পোহাচ্ছে। জিয়া উদ্দিন জানান, এ দুটি রাস্তারই টেন্ডার হয়েছে, কিন্তু কোন ঠিকাদার কাজ ২ এর পাতায় দেখুন

দেশে ফিরলেন ৫২ হাজার ৪৯১ হাজি, মৃত্যু ৪৯ জনের

কীর্তনখোলা ডেস্ক
পবিত্র হজ পালন শেষে দেশে ফিরেছেন ৫২ হাজার ৪৯১ জন হাজি। এর মধ্যে সরকারি মাধ্যমে ফিরেছেন ৪ হাজার ২৮৯ জন হাজি। বেসরকারি মাধ্যমে ফিরেছেন ৪৮ হাজার ২০২ জন। বাংলাদেশ সময় ১২ জুন রাত ২টা ৫৯ মিনিট পর্যন্ত তথ্যের ভিত্তিতে এসব জানানো হয়েছে হজ বুলিটিনে। একই সময়ে সৌদিতে হজে গিয়ে মারা গেছেন ৪৯ জন। দেশে ফেরা হাজিদের মধ্যে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স ২১ হাজার ৯২০ জনকে, সৌদি এয়ারলাইন্স ১৮ হাজার ৮৮০ জনকে, ফ্লাইনাস এয়ারলাইন্স ৮ হাজার ৩৮০ জনকে পরিবহন করেছে। অন্যান্য এয়ারলাইন্সের মাধ্যমে সৌদি আরব ত্যাগ করেছেন ৩ হাজার ৩১১ জন। এখন পর্যন্ত ফিরতি ফ্লাইট সংখ্যা ১২৩টি। এর মধ্যে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স ৫৫টি, সৌদি এয়ারলাইন্স ৪৭টি, ফ্লাইনাস এয়ারলাইন্স ২১টি ফ্লাইট পরিচালনা করেছে। হজে গিয়ে সৌদি আরবে চিকিৎসা নিয়েছেন ২ এর পাতায় দেখুন

বরিশাল হার্ট ফাউন্ডেশনের আহ্বায়ক হলেন বিসিসি প্রশাসক শিরীন

কীর্তনখোলা রিপোর্ট
বরিশাল হার্ট ফাউন্ডেশনের নতুন কমিটি গঠন করা হয়েছে। ১১ সদস্যবিশিষ্ট ফাউন্ডেশনটির নতুন কমিটির আহ্বায়ক হয়েছেন বরিশাল সিটি করপোরেশনের (বিসিসি) প্রশাসক বিলকিস আক্তার জাহান শিরীন এবং সদস্যসচিব ড্যাব নেতা আজিজ রহিম। কমিটির অন্য সদস্যরা হলেন লঞ্চ ব্যবসায়ী আজিজুল হক আক্কাস, সাবেক এমপি মেজবাহ উদ্দিন ফরহাদ, নগর বিএনপির আহ্বায়ক মনিরুজ্জামান ফারুক, বিএনপি নেতা আলতাফ মাহমুদ সিকদার, বেগম ফয়জুন নাহার শেলী, আমিনুর রহমান চৌধুরী মামুন, সাদিকুর রহমান লিংকন, জি এম আতায়ে রাব্বি ও মিজানুর রহমান চুন্নু। নবগঠিত বরিশাল হার্ট ফাউন্ডেশনের সদস্য ছাত্রনেতা আতায়ে রাব্বি বলেন, হার্ট ফাউন্ডেশনকে ঢেলে সাজাতে চান প্রশাসক। এই কমিটি হৃদ্‌?রোগীদের চিকিৎসাসেবা নিশ্চিত করতে কাজ করবে বলে প্রশাসক বলেছেন। প্রসঙ্গত, নগরের ১৫ নম্বর ওয়ার্ডের নিউ সার্কুলার রোডে ২০০২ সালে বরিশাল হার্ট ফাউন্ডেশন নির্মাণ করা হয়। ২০০৬ সালের ১৭ সেপ্টেম্বর এটি উদ্বোধন করেন সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়া। কয়েক বছর রোগীদের সেবায় হার্ট ফাউন্ডেশন সচল থাকলেও এখন সেখানে মাঝেমধ্যে টিকাদান কর্মসূচি ছাড়া হার্টের কোনো চিকিৎসা হয় না।

শত শত শিক্ষকের শিক্ষক, দক্ষিণ বাংলার প্রখ্যাত বাংলা ভাষাপণ্ডিত ও ব্যাকরণবিদ বরিশাল সরকারি ব্রজমোহন কলেজ, বাংলা বিভাগের সাবেক বিভাগীয় প্রধান এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ডের সাবেক পরীক্ষা নিয়ন্ত্রক
অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা
উচ্চ মাধ্যমিক ও সমমান শ্রেণির
বাংলা ব্যাকরণ ও নির্মিতি
বইটি অনন্য
বইটি প্রশ্নোত্তরের ভিত্তিতে রচিত, তাই উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অধিক নম্বর প্রাপ্তিতে সহায়ক
সম্পাদনা করেছেন: বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা ২য়পত্র বিষয়ের প্রধান পরীক্ষক, সরকারি আগৈলঝাড়া কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সৃজনশীল গ্রন্থ প্রণেতা
পথিক মোস্তফা (এমফিল, ইবি)
বই পাওয়ার জন্য যোগাযোগ করুন:
01718246162, 01712189338, 01712926836
গদ্য প্রকাশন, বরিশাল
বরিশাল নগরীর যেসব স্থানে বইটি পাওয়া যাচ্ছে

বুক ভিলা সদর রোড, বরিশাল 01932-314219	ইসলামিয়া লাইব্রেরি প্যারারারোড, সদর রোড, বরিশাল 01711-264963	অংকুর লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868515	অংকুর লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868514
খন্দকার লাইব্রেরি সদর রোড, বরিশাল 01711-047767	নিউ মাহবুব লাইব্রেরি সদর রোড, বরিশাল 01763-107720	রহমান বুক হাউজ প্যারারারোড, সদর রোড, বরিশাল 01718-670945	মজুমদার লাইব্রেরি অমৃত লাল দে কলেজের সামনে, বরিশাল 01716-139268
অমৃত লাইব্রেরি অমৃত লাল দে কলেজের পাশে, বরিশাল 01719-408049	নিউ কলেজ লাইব্রেরি বি.এম কলেজের সামনে 01726-074663	হক লাইব্রেরি বি.এম কলেজ মসজিদ গেটের পশ্চিম পাশে 01724-851658	আশরাফিয়া লাইব্রেরি বি.এম কলেজ মসজিদ গেট 01717-488083

ক্রসফায়ারে স্বামী নিহতের পর মাদক রাজ্যের রানী হন স্ত্রী

কীর্তনখোলা রিপোর্ট
বরিশাল নগরীর কেডিসি কলোনির একসময়ের চিহ্নিত মাদক কারবারি ছিলেন আব্দুল মালেক ওরফে গাঁজা মালেক। ইতোপূর্বে তিনি আইনশৃঙ্খলা বাহিনীর সোর্স পরিচয়ে নগরীসহ গোটা বরিশাল অঞ্চলে মাদকের হোলসেলার ছিলেন। পরবর্তীতে র‍্যাবের ক্রসফায়ারে নিহত হন মাদক সম্রাট গাঁজা মালেক। তার মৃত্যুর পর স্বামীর মাদক কারবার নিয়ন্ত্রণ করেন স্ত্রী নিলুফা বেগম নিলু। পরবর্তীতে তিনি সাইদুল ইসলামকে বিয়ে করেন। এরপর দুজনে মিলেই নগরীসহ গোটা দক্ষিণাঞ্চলে গাঁজার হোলসেল করতেন বলে জানিয়েছে আইনশৃঙ্খলা বাহিনীর একটি নির্ভরযোগ্য সূত্র। এদিকে অভিযান চালিয়ে ৬৬ কেজি গাঁজা উদ্ধার করেছে মেট্রোপলিটন পুলিশের গোয়েন্দা (ডিবি) শাখা। উদ্ধার হওয়া গাঁজার মূল্য প্রায় ৪০ লাখ টাকা। গোপন সংবাদের ভিত্তিতে মঙ্গলবার সকালে নগরীর কেডিসি বালুর মাঠ এলাকায় শিল্পকলা একাডেমির পেছনে এ অভিযান পরিচালিত হয়। তবে অভিযান টের পেয়ে আগেভাগেই ২ এর পাতায় দেখুন

সাপের কামড়ে প্রাণ গেলো ১০ মাসের শিশু আরিয়ানের

দশমিনা প্রতিনিধি
পটুয়াখালীর দশমিনায় বিষধর সাপের দংশনে আরিয়ান (১০ মাস) নামের এক শিশুর মৃত্যু হয়েছে। বৃহস্পতিবার (১২ জুন) রাত ৮টার দিকে উপজেলার বহরমপুর ইউনিয়নের দক্ষিণ আদমপুর গ্রামে এ ঘটনা ঘটে। নিহত আরিয়ান ওই গ্রামের বাসিন্দা আরমান মিয়ার ছেলে। স্থানীয় ও পরিবারের সদস্যরা জানান, বৃহস্পতিবার রাতে বাবা-মায়ের সঙ্গে ঘুমিয়ে ছিল আরিয়ান। হঠাৎ শিশুটির চিৎকার শুনে তার বাবা-মা জেগে ওঠেন। পরে ঘরের বাতি জ্বালিয়ে দেখতে পান একটি বিষধর সাপ ঘরের মেঝেতে ঘুরে বেড়াচ্ছে। এসময় তাদের চিৎকারে বাড়ির লোকজন ও প্রতিবেশীরা ছুটে এসে সাপটিকে পিটিয়ে মেরে ফেলেন। পরে দ্রুত আরিয়ানকে দশমিনা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়া হলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন। নিহতের বাবা আরমান মিয়া ২ এর পাতায় দেখুন

হঠাৎ বিশ্বজুড়ে ফেসবুক ডাউন, আইডি-মেসেঞ্জার অটো লগআউট

কীর্তনখোলা ডেস্ক
ফেসবুকে হঠাৎ করেই সমস্যা হচ্ছে। অনেকের ফেসবুক আইডি এবং মেসেঞ্জার স্বয়ংক্রিয়ভাবে (অটো) লগআউট হয়ে গেছে। সংবাদমাধ্যম ইউনিলেইড জানিয়েছে, ফেসবুকের হাজার হাজার ব্যবহারকারী জানিয়েছেন, তারা ফেসবুক চালাতে পারছেন না। আউটেজ ট্রেকিং সাইট ফাস্টডাউন বাংলাদেশ সময় শুক্রবার (১২ জুন) রাত প্রায় ৮টার দিকে জানায়, গত ২৪ ঘণ্টায় ৫ হাজার ৭০০ ব্যবহারকারী রিপোর্ট করেছেন, তাদের ফেসবুক চালাতে সমস্যা হচ্ছে। এরমধ্যে যুক্তরাষ্ট্র ও ফিলিপাইন থেকে সর্বোচ্চ ২ এর পাতায় দেখুন

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য **ঝালকাঠি জেলা:** নলছিটি, রাজাপুর, **পটুয়াখালী জেলা:** পটুয়াখালী, বাউফল, আমতলী, **ভোলা জেলা:** তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, **পিরোজপুর জেলা:** নাজিরপুর, নেছারাবাদ ও **বরিশাল জেলা:** উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আব্যশক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

–মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

সম্পাদকীয়

রাষ্ট্র ও সমাজকে পদক্ষেপ নিতে হবে

চিকিৎসাবিজ্ঞান উন্নত হচ্ছে। স্বাস্থ্য সম্পর্কে মানুষের সচেতনতা বাড়ছে। ফলে বাড়ছে মানুষের গড় আয়ু। বাড়ছে বয়োবৃদ্ধ বা প্রবীণ মানুষের সংখ্যা। যত দিন যাবে এই সংখ্যা বাড়তেই থাকবে। কিন্তু দুঃখজনক হলেও সত্য যে একই সঙ্গে বাড়ছে প্রবীণ মানুষের দুর্ভোগ, অসহায়ত্ব ও জীবন-যন্ত্রণা। সম্প্রতি গণমাধ্যমে আসা দুটি খবর বিবেকসম্পন্ন প্রতিটি মানুষের হৃদয়-যন্ত্রণার কারণ হয়েছে। মিরপুরে এক বাসায় একাকী মরে পড়ে ছিলেন এক মা, যাঁর শরীরে ঘা হয়ে গিয়েছিল। অথচ তাঁর দুই ছেলে ঢাকায়ই অত্যন্ত প্রতিষ্ঠিত। মিরপুরেই আরেক ফ্ল্যাট থেকে এক মায়ের অর্ধগলিত মরদেহ উদ্ধার করা হয়েছে, যাঁর স্বামী-সন্তান বিদেশে থাকেন। এমন ঘটনা অহরহ ঘটছে। প্রকাশিত প্রতিবেদনে অনেক প্রবীণের এমনই দুর্দশার করুণ চিত্র উঠে এসেছে। কেউ নিজের বাড়ি বা ফ্ল্যাটে একা থাকেন। কেউ প্রবীণনিবাসের ছোট্ট কুঠরির চার দেয়ালে বন্দি হয়ে মৃত্যুর অপেক্ষা করছেন। অনেকে সন্তান-স্বজনদের দেখা পাবেনড় এমন আশাও ছেড়ে দিয়েছেন। আবার যাঁদের নিজের সংগতি কম, প্রবীণনিবাসের খরচ জোগানোর ক্ষমতা নেই, তাঁদের কী অবস্থা? প্রতিনিয়ত লাঞ্ছনা-গঞ্জনা সহ্য করে সন্তানের সংসারে মুখ গুঁজে কোনো রকমে পড়ে থাকতে হয়। মৃত্যু কেন আসে না বলে আক্ষেপ করতে হয়। অনেকের অবস্থা হয় আরো খারাপ। নিকট অতীতে বৃদ্ধ মা-বাবাকে দূরে কোথাও রাস্তার ধারে বা জঙ্গলে ফেলে আসার মতো ঘটনাও ঘটেছে। বাংলাদেশ প্রবীণ হিতৈষী সংঘ ও জরাবিজ্ঞান প্রতিষ্ঠানের (বাইগাম) মহাসচিব বীর মুক্তিযোদ্ধা মো. ইন্তেজার রহমান বলেন, ‘এখানে যাঁরা আসেন, বাধ্য হয়েই আসেন। পরিবারের লোকজন এসে দেখা করে যায়। কিন্তু দিনশেষে তাঁরা একাকী। এটাই বাস্তবতা। তাঁদের একেকজনের একেক ধরনের কষ্ট।’ তিনি জানান, ঢাকাসহ সারা দেশে তাঁদের মোট ৯২টি শাখায় ১০ থেকে ১২ হাজার প্রবীণ থাকেন। প্রবীণ হিতৈষী লেখক ও সংগঠক হাসান আলী বলেন, ‘আগে প্রবীণদের আড্ডা দেওয়ার জায়গা ছিল। গল্প করতে পারতেন। এখন অনেকের জীবন চার দেয়ালে আটকে গেছে।’ ঢাকা বিশ্ববিদ্যালয়ের ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগের অধ্যাপক কামাল উদ্দিন আহমেদ চৌধুরী বলেন, ‘সময় যত যাবে, দেশে প্রবীণের সংখ্যা তত বাড়বে। তবে এখন যেহেতু যৌথ পরিবারের সংখ্যা কমে যাচ্ছে, সেহেতু স্বাভাবিকভাবেই প্রবীণদের একাকিত্ব বাড়ছে। নিঃসঙ্গতার ফলে তাঁদের মধ্যে মৃত্যুভয়, বিষণ্নতা, মেজাজ খিটখিটে হওয়াসহ নানা শারীরিক ও মানসিক রোগ দেখা দেয়।’ মা-বাবার ভরণ-পোষণের বিষয়ে আইন আছে, কিন্তু আইনের বাস্তবায়ন নেই। আর যেখানে পারিবারিক বন্ধন, ভালোবাসা, মানবিকতা হারিয়ে যাচ্ছে; সেখানে আইন কতটুকুই বা করতে পারবে! রাষ্ট্র ও সমাজকে বিষয়টি নিয়ে ভাবতে হবে। পদক্ষেপ নিতে হবে। আনন্দময় শৈশবের মতোই আনন্দময় বার্ধক্য নিশ্চিত করতে হবে।

ভঙ্গুর অর্থনীতিকে দিশা

পরবর্তীতে যে অর্থনৈতিক সংস্কারের প্রয়োজন ছিল, সেটা কিন্তু এই বাজেটে সম্ভব হবে না। বাজেটে কিছু সৃজনশীল জায়গা তারা দেখিয়েছে, কিছু পণ্যের কর কমিয়েছে, শিক্ষা ও স্বাস্থ্যে বরাদ্দ বৃদ্ধি করেছে এগুলো ইতিবাচক হলেও বাজেটে কাঙ্ক্ষিত বাস্তবায়ন সম্ভব হবে না বলে আমরা মনে করছি।’ শুক্রবার দুপুরে চট্টগ্রাম সার্কিট হাউসে সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের জবাবে তিনি এমন মন্তব্য করেন। শনিবার চট্টগ্রাম নগরের ঐতিহাসিক লালদীঘি ময়দানে ১১ দলীয় জোটের বিভাগীয় সমাবেশ অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে। ওই সমাবেশে প্রধান অতিথি হিসেবে থাকবেন জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। জোটের শরিক হিসেবে এই সমাবেশে অংশ নেওয়ার উদ্দেশ্যে আগেভাগেই নাহিদ, দলের মুখ্য সমন্বয়ক নাসীরুদ্দীন পাটওয়ারীসহ এনসিপি ও বিভিন্ন দলের একাধিক কেন্দ্রীয় নেতা চট্টগ্রামে অবস্থান করছেন। দুপুরে চট্টগ্রামে সার্কিট হাউসে অবস্থান নেওয়া নাহিদ সাংবাদিকদের আরও বলেন, সামগ্রিক ভঙ্গুর অর্থনীতিকে দিশা দেখানোর মতো বাজেট এটা হয়নি। বড় বাজেটে বড় দুর্নীতির সুযোগ তৈরি হয়েছে জানিয়ে এমপি নাহিদ বলেন, বড় বাজেট মানে সেখানে বড় দুর্নীতি করার সুযোগ থাকে। এই বাজেট কীভাবে দুর্নীতি বন্ধ করবে। অর্থমন্ত্রীর বাজেট বক্তব্যে কোথাও বলা হয়নি কীভাবে ঋণখেলাপিদের টাকা তাঁরা ফেরত নেবে, আওয়ামী আমলে লুটেরাদের যে গোষ্ঠী ছিল, তাঁদের টাকা কীভাবে আদায় হবে, তাঁদের বিচার কীভাবে হবে, এস আলমসহ যেসব মাফিয়া জনগণের টাকা লুট করে বিদেশে পাচার করেছে, তাঁদের টাকা কীভাবে দেশে আনা হবে, এসবের কোনো কিছুই অর্থমন্ত্রীর বক্তব্যে পাওয়া যায়নি। এনসিপি আহ্বায়ক নাহিদ বলেন, ‘সেই জায়গা থেকে বাজেট নিয়ে আমাদের সমালোচনা থাকবে। শনিবার ১১ দলীয় জোটের সমাবেশ রয়েছে। সেখানে এটা নিয়ে কথা বলব। আমরা সংসদে ও সংসদের বাইরে এসব নিয়ে কথা বলে যাব। বাজেট নিয়ে আমাদেরও কিছু প্রস্তাবনা থাকবে। আমরা আশা করব, সরকার আমাদের কথাগুলো শুনবে এবং আসছে জুলাই মাসে জুলাই সনদ ও গণভোটের রায় অনুযায়ী যে সংস্কার রয়েছে সেগুলো সরকার অবিলম্বে বাস্তবায়ন করবে।’

স্বল্পোন্নত থেকে উন্নত দেশে

বাজেট বাংলাদেশের স্বল্পোন্নত দেশ থেকে উন্নত দেশে উত্তরণের পথে চূড়ান্ত বাধা হয়ে যাবে। তিনি সরকারের প্রতি বাজেট সংশোধনের আহ্বান জানান। শুক্রবার রাজধানীর মগবাজারে জামায়াতের কেন্দ্রীয় কার্যালয়ে বাজেট প্রস্তাবের প্রতিক্রিয়া নিয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এসব কথা বলেন গোলাম পরওয়ার। জামায়াতের সেক্রেটারি জেনারেল বলেন, বাংলাদেশের মতো উন্নয়নশীল দেশে ঘাটতি বাজেট নতুন কিছু নয়, তবে এবারের বাজেটে ঘাটতির পরিমাণ ইতিহাসের সর্বোচ্চ পর্যায়ে পৌঁছেছে। প্রায় ২ লাখ ৩৬ হাজার ৪৫০ কোটি টাকার ঘাটতি বাজেট এটা কোথা থেকে পূরণ করা হবে? তিনি আরও বলেন, ‘এত বড় ঘাটতি বাজেটের ব্যয় সংকুলানে ব্যাংক লোন করা হবে, তাতে আমাদের বিনিয়োগ, বেসরকারি বিনিয়োগ তো অটোমেটিক্যালি কমে যাবে।’ এর ফলে কর্মসংস্থান বাধাগ্রস্ত হবে এবং সামষ্টিক অর্থনীতিতে নেতিবাচক প্রভাব পড়বে বলে দাবি করেন মিয়া গোলাম পরওয়ার। রাজস্ব আদায়ের বাস্তবসম্মত কোনো কাঠামো সরকার দেখাতে পারেনি এমন অভিযোগ করেন জামায়াত সেক্রেটারি। তিনি বলেন, প্রায় ২ লাখ ৩৬ হাজার ৪৫০ কোটি টাকার ঘাটতি বাজেট কোথা থেকে ঘাটতি পূরণ করা হবে? যে সোর্সগুলো দেখানো হয়েছে তাতে রাজস্ব আয় করতে গেলে যে কর কাঠামো লাগে, দুর্নীতিমুক্ত কর প্রশাসন লাগে, সেগুলো কিছুই নাই। কর বৃদ্ধির সমালোচনা করে জামায়াতের এই নেতা বলেন, ভাষার ছলচাতুরীতে উনারা বলেছেন যে আমরা করের উৎস বাড়াচ্ছি। বাস্তবে করের জাল তৈরি করে নাগরিক জীবনে এটার যে চাপ, সেটাকে উনারা শব্দ প্রয়োগের মাধ্যমেই চালাকি করে কর বৃদ্ধির জায়গাগুলো এড়িয়ে যাওয়ার চেষ্টা করেছেন। জিডিপি প্রবৃদ্ধির লক্ষ্যমাত্রা নিয়ে প্রশ্ন তুলে মিয়া গোলাম পরওয়ার বলেন, আইএমএফসহ বিভিন্ন আন্তর্জাতিক সংস্থা জিডিপি প্রবৃদ্ধির পূর্বাভাস ৫ শতাংশের নিচে রেখেছে। সেখানে সরকারের ৬ দশমিক ৫ শতাংশ প্রবৃদ্ধির লক্ষ্যকে তিনি ‘ফাঁকা বুলি’ ও ‘চটকদার সিদ্ধান্ত’ হিসেবে উল্লেখ করেন। জামায়াত সেক্রেটারি বলেন, ‘এডিপির নামে দুর্নীতি ও লুটপাটের সুযোগ তৈরি করে দেওয়ার তীব্র প্রতিবাদ জানাচ্ছি আমরা।’

বাজেটে এত বড় ছাড়

করেছেন স্থানীয় সরকার মন্ত্রী ও বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। তিনি বলেন, সব শ্রেণির মানুষের কল্যাণের কথা চিন্তা করে এই বাজেট প্রণয়ন করা হয়েছে এটি একটি ক্রিয়েটিভ বাজেট। ২০২৬-২৭ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট নিয়ে এক ভিডিও বার্তায় এ কথা বলেছেন বিএনপি মহাসচিব। তিনি বলেন, এ বাজেট মূলত উৎপাদনবান্ধব, বিনিয়োগবান্ধব এবং ব্যবসাবান্ধব। এ বাজেটে যে ছাড়গুলো দেওয়া হয়েছে, যে রেয়াত দেওয়া হয়েছে, আমরা এর আগে এত বড় ছাড় দেখতে পাইনি। শিল্প, স্বাস্থ্যসহ বিভিন্ন খাতে বরাদ্দের দিক তুলে ধরে মির্জা ফখরুল বলেন, এই বাজেটে শিল্প খাতে যে বরাদ্দ রাখা হয়েছে, এর ফলে অর্থনীতি অত্যন্ত দ্রুততার সঙ্গে সচল হবে। আমরা আশা করি যে, খুব দ্রুত বাংলাদেশের অর্থনীতি আবার ঘুরে দাঁড়াবে। তিনি আরও বলেন, আমাদের প্রধানমন্ত্রী তারেক রহমানের নির্দেশে, তাঁর চিন্তা-ভাবনাগুলোকে একত্র করে অর্থমন্ত্রী আমির-খসরু মাহমুদ চৌধুরী অত্র মন্ত্রণালয়ের সকলের সহযোগিতা নিয়ে এ বাজেট প্রণয়ন করেছেন। দীর্ঘ ১৫ বছরের শাসনে বাংলাদেশের অর্থনীতি প্রায় ধ্বংসপ্রাপ্ত হয়ে গিয়েছিল এবং শুধু অর্থনীতি নয়, একই সঙ্গে এ সমস্ত গণতান্ত্রিক প্রতিষ্ঠান ধ্বংসপ্রাপ্ত হয়েছিল উল্লেখ করে বিএনপির মহাসচিব বলেন, মাঝখানে ইন্টেরিম গভর্নমেন্ট (অন্তর্বর্তী সরকার) তারাও ঠিক সেইভাবে দেশকে একটা ট্র্যাকের মধ্যে ফিরিয়ে নিয়ে আসতে ব্যর্থ হয়েছে। ফলে সমস্ত ভঙ্গুর অর্থনীতি, অগোছালো প্রশাসন এবং অর্থনীতির চরম দুরবস্থার মধ্য দিয়ে গেছে। তিনি বলেন, বিএনপি সরকার গঠনের পরে অর্থনীতি পুনরুদ্ধারের দায়িত্ব এসে পড়েছে। সেই ধারাবাহিকতায় সরকার বাজেট পেশ করেছে। মির্জা ফখরুল বলেন, এ বাজেটে প্রতিফলিত হয়েছে যে সরকার কতটা আন্তরিক, দেশের অর্থনীতিকে তারা পুনর্বাসন করতে চায় এবং একই সঙ্গে একটা গতি ফিরিয়ে আনতে চায়।

হাইকোর্টে একদিনে ৬১৯৯

বেশি পুরোনো সুনির্দিষ্ট ফৌজদারি মামলা নিষ্পত্তি করা হয়েছে। এ বিষয়টিকে দেশের বিচারপ্রার্থীদের ন্যায়বিচার নিশ্চিতকরণ ও উচ্চ আদালতের মামলা জট হ্রাসে অভাবনীয় সাফল্য হিসেবে দেখা হচ্ছে। সুপ্রিম কোর্টের গণসংযোগ কর্মকর্তা শফিকুল ইসলামের সই করা সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়, বৃহস্পতিবার (১১ জুন) হাইকোর্ট বিভাগের ১৪টি ক্রিমিনাল মোশন বেঞ্চে মোট ৬১৯৯টি পুরোনো ক্রিমিনাল মিস মামলা নিষ্পত্তি হয়েছে। পাশাপাশি পুরোনো মামলা নিষ্পত্তি কার্যক্রম শুরু হওয়ার পর এ পর্যন্ত তিন কার্যদিবসে (প্রতি সপ্তাহে একদিন করে) মোট ১৩ হাজার ২৮৮টি পুরোনো ক্রিমিনাল মিস মামলা নিষ্পত্তি হয়েছে। প্রধান বিচারপতির নির্দেশনা অনুসারে হাইকোর্ট বিভাগের ক্রিমিনাল মোশন বেঞ্চ এবং রিট মোশন বেঞ্চসমূহে দীর্ঘদিনের পুরোনো মামলা নিষ্পত্তির কার্যক্রম চলমান রয়েছে। বিচারপ্রার্থীদের দ্রুত ন্যায়বিচার নিশ্চিতকরণ, মামলা জট হ্রাস এবং বিচারব্যবস্থার গতিশীলতা বাড়ানোর লক্ষ্যে গৃহীত এ বিশেষ উদ্যোগের আওতায় ধারাবাহিকভাবে বিপুল সংখ্যক পুরোনো মামলা নিষ্পত্তি করা হচ্ছে। গত ৭ মে হাইকোর্ট বিভাগের ক্রিমিনাল মোশন এবং রিট মোশন বেঞ্চসমূহের বিচারপতি দীর্ঘদিনের পুরোনো মামলা নিষ্পত্তিকে অগ্রাধিকার দিয়ে প্রতি সপ্তাহের নির্দিষ্ট দিনে বিশেষ এ কার্যক্রম শুরু করেন। পুরোনো মামলা নিষ্পত্তির এ কার্যক্রম অব্যাহত থাকবে বলে বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে।

ক্রসফায়ারে স্বামী নিহতের পর

আত্মগোপনে চলে যায় মাদকের ডিলার সাইদুল ইসলাম ও তার স্ত্রী নিলুফা বেগম নিলু। বুধবার (১০ জুন) দুপুর সাড়ে ১২টায় বরিশাল মেট্রোপলিটন পুলিশ সদর দপ্তরে এক সংবাদ সম্মেলনে এ কথা জানান উপ-পুলিশ কমিশনার (ক্রাইম ম্যানেজমেন্ট) আব্দুল মান্নান। তিনি জানান, গোপন সংবাদের ভিত্তিতে গোয়েন্দা শাখার পরিদর্শক মো. ছগির হোসেনের নেতৃত্বে অভিযান পরিচালিত হয়। অভিযানকালে পুলিশের উপস্থিতি টের পেয়ে অভিযুক্ত চিহ্নিত মাদক ব্যবসায়ী মো. সাইদুল ইসলাম ঘটনাস্থল থেকে পালিয়ে যায়। পরবর্তীতে দোতলা টিনশেড ঘরে তল্লাশি করে পাটের বাস্তা এবং ব্যাগের মধ্য থেকে ৬৬ কেজি গাঁজা উদ্ধার করা হয়। যার মূল্য ৩৯ লাখ ৬০ হাজার টাকা। এ ঘটনায় অভিযুক্ত সাইদুল ইসলাম ও তার স্ত্রী নিলুফা বেগম নিলুসহ তাদের সহযোগীদের গ্রেপ্তারে অভিযান চলমান রয়েছে। তাছাড়া মাদক উদ্ধারের ঘটনায় ডিবি পুলিশ বাদী হয়ে বরিশাল কোতোয়ালি মডেল থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে সাইদুল ও তার স্ত্রী নিলুফাকে নামধারী এবং অজ্ঞাত ৪-৫ জনকে অভিযুক্ত করে মামলা করা হয়েছে। পুলিশের এই কর্মকর্তা জানান, নিলুফা এবং সাইদুল দীর্ঘদিন ধরেই মাদক কারবারির সঙ্গে জড়িত। তাদের মধ্যে নিলুফার বিরুদ্ধে কোতোয়ালি মডেল থানায় ৯টি এবং সাইদুলের বিরুদ্ধে একই থানায় ১২টি মাদক মামলার তথ্য এখন পর্যন্ত পাওয়া গেছে। অন্য থানায় আরও মামলা আছে কিনা সেগুলো খোঁজখবর নিয়ে দেখা হচ্ছে।

বরিশালে পুলিশের অভিযানে

কথিত ইয়াবা ট্যাবলেটসহ ০১ জন মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করা হয়। গ্রেফতারি পরোয়ানা ভুক্ত আসামি: আদালতের ওয়ারেন্টভুক্ত পলাতক ০৬ জন আসামিকে আটক করা হয়েছে। নিয়মিত মামলায় গ্রেফতার: পূর্বের ও নতুন রুজুকৃত নিয়মিত মামলায় ০৫ জনকে গ্রেফতার করা হয়েছে। বরিশাল মহানগর অধ্যাদেশে গ্রেফতার: মহানগর অধ্যাদেশের বিভিন্ন ধারা লঙ্ঘনের দায়ে ১৫ জনকে গ্রেফতার করা হয়। অন্যান্য আইনে গ্রেফতার: এছাড়া অন্যান্য আইনি অপরাধে আরও ০২ জনকে গ্রেফতার করেছে পুলিশ। বিএমপি সূত্রে নিশ্চিত করা হয়েছে যে, গ্রেফতারকৃত সকল অভিযুক্তের বিরুদ্ধে সংশ্লিষ্ট থানায় আইনগত ব্যবস্থা গ্রহণের প্রক্রিয়া চলমান রয়েছে। ”মহানগরীর সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক ও স্থিতিশীল রাখতে বরিশাল মহানগর পুলিশের এই নিয়মিত এবং বিশেষ অভিযান অব্যাহত থাকবে বলে জানিয়েছেন বিএমপির কমিশনার আশিক সাঈদ।

হঠাৎ বিশ্বজুড়ে ফেসবুক

ব্যবহারকারী এ ব্যাপারে রিপোর্ট করেছেন। কী কারণে এই বিভ্রাট ঘটেছে, তা এখনো জানা যায়নি। কতক্ষণ এ সমস্যা চলবে, সে বিষয়েও কোনো তথ্য দেয়নি ফেসবুকের মূল প্রতিষ্ঠান মেটা। এদিকে সামাজিক যোগাযোগমাধ্যমে অনেক ব্যবহারকারী নিজেদের ভোগান্তির কথা জানাচ্ছেন। কেউ লগইন করতে পারছেন না, আবার কেউ ফিড লোডিং সমস্যার মুখোমুখি হচ্ছেন। বিষয়টি নিয়ে এখনো আনুষ্ঠানিক কোনো বক্তব্য দেয়নি মেটা। পরিস্থিতির উন্নয়নে কাজ চলছে বলে ধারণা করা হচ্ছে। ফেসবুক ব্যবহারকারীদের আপাতত ধৈর্য ধরার পরামর্শ দিয়েছেন প্রযুক্তি বিশ্লেষকেরা।

সাপের কামড়ে প্রাণ গেলো

বলেন, ‘আমার ছেলে আমাদের পাশেই ঘুমিয়ে ছিল। হঠাৎ চিৎকার করলে আমরা উঠে দেখি তার পাশে একটি সাপ রয়েছে। পরে প্রতিবেশীরা এসে সাপটিকে মেরে ফেলে।’ তিনি আরও বলেন, ‘ছেলের শ্বাস-প্রশ্বাস বন্ধ হয়ে গেলে হাসপাতালে নিয়ে যাই। কিন্তু চিকিৎসক পরীক্ষা-নিরীক্ষা শেষে তাকে মৃত ঘোষণা করেন।’ সাপের দংশনে শিশুটির মৃত্যুর বিষয়টি নিশ্চিত করেন দশমিনা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসক শওকত ওসমান। তিনি বলেন, ‘রাত ৯টা ২০ মিনিটে শিশুটিকে হাসপাতালে আনা হয়। পরিবারের সদস্যরা জানান, তাকে সাপে কামড় দিয়েছে। তার হাতে সাপের দংশনের চিহ্ন পাওয়া গেছে। তবে হাসপাতালে আনার আগেই শিশুটির মৃত্যু হয়।’

ছয় সড়কের কাজ: টেন্ডার জমার

করবেন, সেটির সিদ্ধান্ত হয়নি। পৌরসভার টেন্ডারে অংশ নেওয়া ১২ জনের মধ্যে প্রথম সর্বনিম্ন দরদাতা মেসার্স দেলোয়ার হোসেনের প্রতিনিধি শাহিন চিশতি বলেন, প্রায় ২৩ কোটি টাকার ছয়টি রাস্তার কাজের টেন্ডার ১ এপ্রিল সম্পন্ন হয়েছে। কিন্তু ফার্স্ট লোয়েস্ট সত্ত্বেও তাঁকে ফোন দিয়ে বলা হয়েছে, কাগজপত্রে ত্রুটি আছে; এ জন্য তিনি বাদ পড়ছেন। সেকেন্ড লোয়েস্ট দরদাতা কাজ নাও পেতে পারেন। দেড় মাস হয়ে গেলেও এ বিষয়ের কোনো সুরাহা হয়নি। শাহিন চিশতি বলেন, বিশেষ কোনো ব্যক্তি এই কাজ পেতে পারেন বলে তিনি শুনেছেন। একাধিক ঠিকাদার অভিযোগ করেছেন, পৌরসভার যত ঠিকাদারি কাজ হয়, তা প্রকৌশলী শাহাদাত করিমের পছন্দের লোকজন পেয়ে থাকেন। তিনি বিনিময়ে কাজের পার্সেন্টেজ পান। বহু বছর এখানে কর্মরত থাকায় ঠিকাদারেরা তাঁর কাছে জিম্মি। জানতে চাইলে মেহেন্দীগঞ্জ পৌরসভার প্রকৌশলী শাহাদাত করিম বলেন, ওই টেন্ডার এখনো অনুমোদন হয়নি। ফার্স্ট লোয়েস্টের কাগজপত্রে ত্রুটি আছে, তাই বাদ পড়েছে। পার্সেন্টেজের বিনিময়ে কাজ দেওয়ার অভিযোগ সম্পর্কে শাহাদাত বলেন, মেহেন্দীগঞ্জে মন্ত্রী আছেন, প্রশাসক আছেন, নেতারা আছেন। তাঁদের কাছে দরকারে জবাবদিহি করবেন। বিষয়টি খতিয়ে দেখবেন জানিয়ে মেহেন্দীগঞ্জ পৌর নির্বাহী কর্মকর্তা শহিদুল ইসলাম বলেন, ‘টেন্ডার হয়ে গেছে। এটি বাস্তবায়নের পর্যায়ে। প্রকল্প আনতে আমার অনেক কষ্ট হয়েছে। এখন এটি বাস্তবায়ন করার দায়িত্ব প্রকৌশলীর।’ তিনি বলেন, ফার্স্ট লোয়েস্টের কাজ না পাওয়ার সুযোগ নেই। ইজিপির ক্ষেত্রে এ ধরনের কথা প্রকৌশল বিভাগ বলতে পারে না। এটা অনলাইনে নির্ধারণ হবে।

দেশে ফিরলেন ৫২ হাজার

৬২ হাজার ২৪৩ জন। আর এখন পর্যন্ত দেশেটিতে মৃত্যু হয়েছে ৪৯ বাংলাদেশি হাজির। হজযাত্রীদের সৌদি আরবগামী প্রথম ফ্লাইট ছিল ১৮ এপ্রিল এবং শেষ ফ্লাইট ২১ মে। অন্যদিকে ফিরতি ফ্লাইট শুরু হয়েছে ৩০ মে, যা চলবে আগামী ৩০ জুন পর্যন্ত।

সরকার জ্ঞানভিত্তিক প্রজন্ম গড়াকে

উদ্যোগে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। এ সময় মন্ত্রী আরো বলেন, সরকার এমন একটি কারিকুলাম করার চিন্তা করছে যেন একটি বিজ্ঞানভিত্তিক গবেষণা এবং প্রযুক্তি নির্ভর সমস্যা সমাধানের ক্ষমতা পাঠ্য পুস্তকে থাকে। গৌরনদী উপজেলা নির্বাহী অফিসার মো. ইব্রাহীমের সভাপতিত্বে উপজেলা পরিষদ অডিটরিয়ামে অনুষ্ঠিত কর্মসূচির উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গৌরনদী উপজেলা বিএনপির সদস্য সচিব শরীফ জহির সাজ্জাদ হান্নান, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা পলাশ সরকার, গৌরনদী প্রেসক্লাবের সভাপতি জহুরুল ইসলাম জহির, উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা শারমিন আক্তার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও মো. মাহবুব আলম, উপজেলা আইসিটি অফিসার বিপ্লব কুমার দেবনাথ, উপজেলা একাডেমিক সুপারভাইজার গৌরাঙ্গপ্রসাদ গাইন, গৌরনদী গার্লস স্কুল এন্ড কলেজ এর অধ্যক্ষ নির্মল চন্দ্র হালদার। অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন সরকারি গৌরনদী কলেজেরএকাদশ শ্রেণির বিজ্ঞান প্রথম বর্ষের শিক্ষার্থী বাঁধন সাহা এবং আগৈলঝাড়া কলেজেরএকাদশ শ্রেণীর বিজ্ঞান প্রথম বর্ষের শিক্ষার্থী জ্যোতি সোম।

বরিশালে আর্জেন্টিনা-ব্রাজিলের

সমর্থকদের একত্রিত করতেই এই শোভাযাত্রার আয়োজন করা হয়েছে। তবে শোভাযাত্রার কারণে কিছু এলাকায় সাময়িক যানজটের সৃষ্টি হলেও কোনো অপ্রীতিকর ঘটনার খবর পাওয়া যায়নি। নগরীর বিভিন্ন স্থানে সাধারণ মানুষও এ আয়োজন উপভোগ করতে দেখা যায়। উল্লেখ্য, আন্তর্জাতিক ফুটবলে আর্জেন্টিনা ও ব্রাজিলের মধ্যকার প্রতিদ্বন্দ্বিতা ঘিরে বরিশালে প্রথমবারের মতো এমন উৎসবমুখর আয়োজন দেখা যায়।

হাম ও উপসর্গে মৃত্যু

১০ হাজার ১৮৫ জন। প্রতিবেদনে আরও বলা হয়, ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত সন্দেহজনক হাম রোগে হাসপাতালে ভর্তি হয়েছে ৬৮ হাজার ৯৩৪ জন। একই সময়ে সুস্থ হয়ে হাসপাতাল থেকে ছাড়পত্র পেয়েছে ৬৫ হাজার ২৭৫ জন। হামের উপসর্গে আরও ৩ জনের মৃত্যু, সবাই ঢাকায়হামের উপসর্গে আরও ৩ জনের মৃত্যু, সবাই ঢাকায় গত ২৪ ঘণ্টায় নিশ্চিত হামে কারও মৃত্যু হয়নি। তবে গত ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত নিশ্চিত হামে ৯২ জনের মৃত্যু হয়েছে। আর গত ২৪ ঘণ্টায় হামের উপসর্গে খুলনায় একজনের মৃত্যু হয়েছে। ১৫ মার্চ থেকে এ পর্যন্ত সন্দেহজনক হামে ৫৫১ জনের মৃত্যু হয়েছে। এ নিয়ে মোট মৃত্যুর সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ৬৪৩ জনে।

সমকামী সম্পর্কে পালিয়ে যাওয়া বরগুনার স্কুলছাত্রী সাভারে উদ্ধার

বরগুনা প্রতিনিধি

বরগুনার এক স্কুলছাত্রীর নিখোঁজ হওয়ার ঘটনায় ঢাকার সাভার থেকে তাকে উদ্ধার করেছে পুলিশ। এ ঘটনায় সমকামী সম্পর্কের সূত্রে জড়িত থাকার অভিযোগে চার নারীকে আটক করে আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়েছে। পুলিশ সূত্রে জানা যায়, গত ৮ জুন সকালে বরগুনা সরকারি কালেক্টরেট স্কুলের ষষ্ঠ শ্রেণির ছাত্রী মিথিলা আক্তার জুঁই (১৩) নিখোঁজ হয়। এ ঘটনায় তার নানা মো. মজিবুল হক মধু বরগুনা থানায় একটি সাধারণ ডায়েরি (জিডি) করেন। পরে জুঁইয়ের মা নয়নতারা অজ্ঞাতনামা ব্যক্তিদের বিরুদ্ধে থানায় মামলা দায়ের করলে পুলিশ তদন্ত শুরু করে। তদন্তের একপর্যায়ে গোপন সংবাদের ভিত্তিতে এবং তথ্যপ্রযুক্তির সহায়তায় বরগুনা থানা পুলিশের একটি দল ঢাকার সাভার উপজেলার হেমায়েতপুর এলাকার জয়নাবাড়ি উত্তরপাড়া থেকে জুঁইকে উদ্ধার করে। একই সঙ্গে সাথী আক্তার মারিয়া (২৮), আর্থি আক্তার (১৭), জান্নাত আক্তার যতী (১৬) এবং আরও এক নারীকে আটক করা হয়। পুলিশি তদন্তে জানা যায়, প্রায় চার থেকে পাঁচ বছর আগে সামাজিক যোগাযোগমাধ্যম মেসেঞ্জারের একটি অনলাইন গ্রুপের মাধ্যমে তাদের পরিচয় হয়। দীর্ঘদিন যোগাযোগের ফলে তাদের মধ্যে ঘনিষ্ঠ সম্পর্ক গড়ে ওঠে। তদন্ত সংশ্লিষ্ট সূত্র জানায়, গত ৬ জুন নাটোর থেকে জান্নাত আক্তার যতী এবং ৭ জুন ধামরাই থেকে আর্থি আক্তার সাভারের হেমায়েতপুরে সাথী আক্তার মারিয়ার বাসায় আসে। পরে মিথিলা আক্তার জুঁইয়ের অনুরোধে তারা একটি প্রাইভেটকার ভাড়া করে ৮ জুন সকালে বরগুনায় পৌঁছায়। সকাল ৯টার দিকে বরগুনা সরকারি কালেক্টরেট স্কুলের সামনে জুঁইয়ের সঙ্গে দেখা করে তাকে নিয়ে ঢাকার উদ্দেশে রওনা দেয়। পরবর্তীতে তারা সাভারে সাথী আক্তার মারিয়ার এক সহকর্মীর ভাড়া বাসায় অবস্থান করছিল। পরে পুলিশ অভিযান চালিয়ে ওই বাসা থেকে জুঁইকে উদ্ধার করে এবং ঘটনার সঙ্গে জড়িতদের আটক করে। বরগুনা থানার তদন্ত সংশ্লিষ্ট এক কর্মকর্তা জানান, আদালতের নির্দেশনা অনুযায়ী উদ্ধার হওয়া মিথিলা আক্তার জুঁইকে বরিশাল সমাজসেবা অধিদপ্তরের তত্ত্বাবধানে পাঠানো হয়েছে। অন্যদিকে আটক ব্যক্তিদের আদালতে সোপর্দ করা হলে আদালতের নির্দেশে তাদের কারাগারে পাঠানো হয়। পুলিশ জানিয়েছে, সামাজিক যোগাযোগমাধ্যমের মাধ্যমে গড়ে ওঠা সম্পর্কের সূত্র ধরেই এ ঘটনা ঘটেছে বলে প্রাথমিক তদন্তে উঠে এসেছে। তবে ঘটনার বিস্তারিত জানতে তদন্ত অব্যাহত রয়েছে।

বাজারে স্বস্তি নেই, অপরিবর্তিত নিত্যপণ্যের দাম

কীর্তনখোলা ডেস্ক

২০২৬-২৭ অর্থবছরের প্রস্তাবিত বাজেট ঘোষণার পর খুচরা বাজারে নিত্যপ্রয়োজনীয় পণ্যের দামে তেমন কোনো পরিবর্তন দেখা যায়নি। চাল, ডাল, পেঁয়াজ, রসুনসহ অধিকাংশ পণ্যই আগের দামে বিক্রি হচ্ছে। তবে গত সপ্তাহের তুলনায় লিটারপ্রতি সয়াবিন তেলের দাম ৫ টাকা বেড়েছে। ব্যবসায়ীরা বলছেন, এই মূল্যবৃদ্ধি বাজেট ঘোষণার আগেই হয়েছে এবং এর সঙ্গে বাজেটের কোনো সরাসরি সম্পর্ক নেই। শুক্রবার সকালে নগরীর বাজার ঘুরে এমন চিত্র দেখা গেছে। বাজারে প্রতি কেজি মসুর ডাল ১০০ থেকে ১৬০ টাকা, পেঁয়াজ ৪০ টাকা, রসুন ১৫০ টাকা এবং বোতলজাত সয়াবিন তেল প্রতি লিটার প্রায় ২০০ টাকায় বিক্রি হতে দেখা যায়। তেলের দাম গত এক সপ্তাহ ধরে লিটারপ্রতি ৫ টাকা বেশি করে বিক্রি হচ্ছে। কাঁচাবাজারের মুদি ব্যবসায়ী মো. আব্দুল কাদের বলেন, ‘বাজেটের কারণে বাজারে এখনো কোনো প্রভাব দেখিনি। বেশিরভাগ পণ্যের দাম আগের মতোই আছে। শুধু সয়াবিন তেলের দাম কোম্পানি বাড়িয়ে দিয়েছে, তাই বেশি দামে বিক্রি করতে হচ্ছে।’ একই বাজারের আরেক বিক্রেতা মো. শাহীন মিয়া বলেন, ‘তেলের নতুন সরবরাহ বেশি দামে এসেছে। কেন দাম বাড়ানো হয়েছে সেটা আমরা জানি না। কোম্পানি যে দামে দিচ্ছে, সে অনুযায়ী বিক্রি করছি। বাজেটের সঙ্গে এটার কোনো সম্পর্ক আছে বলে মনে হয় না।’ অন্যদিকে তেলের বাড়তি দাম নিয়ে অসন্তোষ প্রকাশ করেছেন ক্রেতারা। মেরুল বাড্ডার বাসিন্দা মো. রফিকুল ইসলাম বলেন, ‘নিত্যপণ্যের মধ্যে তেল এমন একটি জিনিস, যা প্রতিদিনই লাগে। কয়েক টাকা বাড়লেও মাস শেষে বড় চাপ পড়ে। তেলের দাম এখন সাধারণ মানুষের জন্য কষ্টকর হয়ে উঠেছে।’ একই বাজারে কেনাকাটা করতে আসা সাবিনা ইয়াসমিন বলেন, ‘অন্যান্য পণ্যের দাম না বাড়লেও তেলের দাম বারবার বাড়ছে। সংসারের খরচ সামলানো কঠিন হয়ে যাচ্ছে। সরকারকে এই পণ্যের বাজারে আরও নজরদারি বাড়াতে হবে।’ বাজারসংশ্লিষ্টরা বলছেন, প্রস্তাবিত বাজেট ঘোষণার পর এখন পর্যন্ত নিত্যপ্রয়োজনীয় পণ্যের বাজারে বড় কোনো প্রভাব পড়েনি। তবে সয়াবিন তেলের দাম বৃদ্ধি নিয়ে ভোক্তাদের মধ্যে অসন্তোষ রয়েছে। আগামী দিনগুলোতে বাজেটের প্রভাব বাজারে কতটা পড়ে, সেদিকেই নজর থাকবে ক্রেতা-বিক্রেতাদের। বিভিন্ন বাজারে ঘুরে দেখা গেছে, বাজেট ঘোষণার পরও ব্রয়লার মুরগি, ডিম ও মাছের বাজারে উল্লেখযোগ্য কোনো পরিবর্তন আসেনি। বর্তমানে প্রতি কেজি ব্রয়লার মুরগি ১৫৫ থেকে ১৬০ টাকা, সোনালি মুরগি ৩৪০ টাকা এবং ডজনপ্রতি ডিম ১১০ থেকে ১২০ টাকায় বিক্রি হচ্ছে। একইভাবে মাছের বাজারেও আগের দামের ধারাবাহিকতা রয়েছে। বিক্রেতারা বলছেন, প্রস্তাবিত বাজেটে এসব পণ্যের ওপর তাৎক্ষণিক কোনো প্রভাব পড়েনি।

যোগ্যরা ফ্যামিলি কার্ড পেয়েছেন, বিএনপির কাউকে যুক্ত করিনি: অর্থমন্ত্রী

কীর্তনখোলা ডেস্ক

যোগ্যরাই ফ্যামিলি কার্ড পেয়েছেন বলে মন্তব্য করেছেন অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী। তিনি বলেন, প্রথম পর্যায়ে পাইলট প্রকল্প হিসেবে সারা দেশে মোট ৬০ হাজার ৪৪ জন নারী প্রধানের পরিবারকে ‘ফ্যামিলি কার্ড’ দেওয়া হয়েছে। এই ফ্যামিলি কার্ড দিয়েছি, তবে কোনো বিএনপি নেতাকর্মীকে যুক্ত করিনি। যারা প্রাপ্য তারাই পেয়েছেন। শুক্রবার (১২ জুন) রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে ২০২৬-২৭ অর্থবছরের বাজেটোত্তর সংবাদ সম্মেলনে এক প্রশ্নের জবাবে অর্থমন্ত্রী এসব কথা বলেন। অর্থমন্ত্রী বলেন, বাজেট কোনো দলের জন্য করিনি। অর্থনীতি খাতে দলীয় লোক থাকবে না। বাজেটের আওতায় সবাই। প্রতিটা মানুষের জন্য বাজেট। বাজেটে কামার, কুমারের কথা বলছি। বাজেটে কৃষক, নারীর কথা বলছি। আমাদের সবাই ভোট দেবে বিষয়টা এমন না। ফ্যামিলি কার্ডের বিষয়ে তিনি বলেন, আগামী বছর ৪১ লাখ ফ্যামিলি কার্ড দেবো, এতে এক শতাংশও ফল্ট থাকবে না। বাজেটে দলীয় লোককে দিতে হবে এটা আর কতদিন? দেশটাকে একটা জায়গায় আসতে হবে। বিভেদ সৃষ্টি করে বৈষম্য রেখে দেশটা কতদিন চলবে! আমির খসরু মাহমুদ চৌধুরী আরও বলেন, আমরা জবাবদিহির সরকার। আমি বার বার আপনাদের সামনে এসে উত্তর দেবো। বাজেটে সবাইকে অ্যাড্রেস করেছি, এই বাজেট কোনো নির্দিষ্ট দলের না।

ইতিহাসে প্রথমবার যৌথ সংবাদ সম্মেলন ছাড়াই শেষ হলো বিজিবি-বিএসএফ বৈঠক

কীর্তনখোলা ডেস্ক

নয়াদিল্লিতে বাংলাদেশ ও ভারতের সীমান্তরক্ষী বাহিনীর শীর্ষ পর্যায়ে চার দিনের বৈঠক শেষ হয়েছে। তবে এবারের শীর্ষবৈঠক শেষে ‘প্রথাগত’ যৌথ সাংবাদিক সম্মেলন করেনি কোনো পক্ষই। দুই দেশের সীমান্তরক্ষী বাহিনীর উচ্চপর্যায়ের বৈঠকের ইতিহাসে এই প্রথম এমন ঘটনা ঘটলো। বৃহস্পতিবার (১১ জুন) বৈঠকের শেষ দিনে সীমান্তের সাম্প্রতিক উত্তেজনাসহ বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হয়। সোমবার (৮ জুন) বাংলাদেশের সীমান্তরক্ষী বাহিনী ‘বর্ডার গার্ড বাংলাদেশ’ (বিজিবি)- এর মহাপরিচালক মেজর জেনারেল মোহাম্মদ আশরাফুজ্জামান সিদ্দিকীর নেতৃত্বাধীন প্রতিনিধি দল নয়াদিল্লিতে পৌঁছে বিএসএফের ডিজি প্রবীণ কুমারসহ অন্যান্য কর্তাদের সঙ্গে প্রাথমিক আলোচনা করেন। মঙ্গলবার (৯ জুন) দিল্লির লোদী রোডে বিএসএফের সদর দপ্তরে আনুষ্ঠানিকভাবে ভারত-বাংলাদেশ ৫৭তম সীমান্ত শীর্ষবৈঠক শুরু হয়। কিন্তু নজিরবিহীন ভাবে শীর্ষবৈঠক শেষে যৌথ আলোচনার নথিতে স্বাক্ষরের পর দুই বাহিনীর ডিজি প্রথা মেনে যৌথ সাংবাদিক সম্মেলন করেননি। শুধু কী কী বিষয় নিয়ে আলোচনা হয়েছে সে সম্পর্কে একটি প্রেস বিবৃতি দেওয়া হবে বলে জানানো হয়েছে। চলতি বছরের শুরুর দিকে বিএনপি সরকার বাংলাদেশের ক্ষমতায় আসার পর ও পশ্চিমবঙ্গে নতুন বিজেপি সরকার গঠনের পর এটিই ছিল বিজিবি-বিএসএফের প্রথম বৈঠক। বাংলাদেশের স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমেদ রোববার (৬ জুন) ঢাকায় সাংবাদিকদের জানিয়েছিলেন যে বিএসএফের ‘পুশইন’ ও সীমান্তে গুলি চালানোর ঘটনাগুলো বিজিবি বৈঠকে উত্থাপন করবে। দুই দেশের মধ্যে ডিজি-স্তরের সীমান্ত বৈঠক ১৯৭৫ থেকে ১৯৯২ সাল পর্যন্ত প্রতি বছর অনুষ্ঠিত হতো। তবে ১৯৯৩ সালে এটিকে বছরে দু’বার আয়োজনের সিদ্ধান্ত নেওয়া হয়। একবার নয়াদিল্লি ও একবার ঢাকা- এভাবে এই বৈঠক হয়ে থাকে। বিএসএফ-বিজিবি সর্বশেষ বৈঠক হয়েছিল ২০২৫ সালের আগস্টে ঢাকায়। তখন বাংলাদেশে মুহাম্মদ ইউনূসের নেতৃত্বাধীন অন্তর্বর্তীকালীন সরকার ক্ষমতায় ছিল।

ভূমি অধিগ্রহণ না করে সেতু নির্মাণের

বিষয়টি নিষ্পত্তি চেয়ে আবেদন করলেও সেতুর কাজ শেষের দিকে চলে আসলেও সরকার তাদের জমি অধিগ্রহণ না করায় তারা কাজ বন্ধ করে দিয়েছেন বলে জানান। জমির মালিকদের সাথে লিখিত কোন চুক্তি না হওয়া পর্যন্ত কাজ করতে দেয়া হবেনা বলেও মানব বন্ধনে বলেন ভুক্তভোগী জমির মালিকেরা। মানব বন্ধনে উপস্থিত ছিলেন, খোরশেদ মল্লিকের ছেলে শাজাহান মল্লিক, আঃ রব সিকদারের ছেলে রাকিবুল ইসলাম নিপু সিকদার, আমজেদ আলী সরদারের ছেলে আবুল হোসেন সরদার, বেলায়েত গং, হাচেন গং, আঃ জলিলের ছেলে আলমাস বেপারী, জলিল সরদারের ছেলে নুরুজ্জামান সরদার, ইয়াকুব আলী সরদার গং, দলিল উদ্দিন বেপারীর ছেলে আনিসুর রহমান বেপারী, মফিজ উদ্দিন বেপারীর ছেলে আলি মুনসুর লোকমান, ফজলে করিমের ছেলে আলাউদ্দিন বেপারী।

বাংলাদেশে এলেন ভারতের

ত্রিবেদীকে পাঠাচ্ছে নরেন্দ্র মোদি সরকার। এর মধ্য দিয়ে দীর্ঘদিন পর কোনো রাজনীতিবিদকে বাংলাদেশে হাইকমিশনারের দায়িত্ব দিলো ভারত। ৭৫ বছর বয়সী দীনেশ ত্রিবেদী ভারতের কেন্দ্রীয় সরকারের সাবেক রেলমন্ত্রী। মনমোহন সিংয়ের মন্ত্রিসভায় তৃণমূল কংগ্রেসের সদস্য হিসেবে তিনি দায়িত্ব পালন করেন। ২০১২ সালে রেল বাজেট পেশ করার সময় যাত্রী ভাড়া বাড়ানোর প্রস্তাব দিয়ে তিনি দলীয় নেতৃত্বের তোপের মুখে পড়েন এবং পদত্যাগ করতে বাধ্য হন। এ ছাড়া তিনি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী হিসেবেও কাজ করেছেন। দীনেশ ত্রিবেদী লোকসভা ও রাজ্যসভা উভয় কক্ষেরই সদস্য ছিলেন। তিনি পশ্চিমবঙ্গ থেকে লোকসভার সদস্য এবং গুজরাট থেকে রাজ্যসভার সদস্য হিসেবে দায়িত্ব পালন করেছেন। ২০২১ সালের ফেব্রুয়ারি মাসে তিনি তৃণমূল কংগ্রেস থেকে পদত্যাগ করেন এবং পরের মাসেই বিজেপিতে যোগ দেন। ঢাকায় ভারতের সাবেক হাইকমিশনারের প্রণয় ভার্মার স্থলাভিষিক্ত হচ্ছেন দীনেশ ত্রিবেদী।

বাউফলে বাজেট ভাবনা নিয়ে নাগরিক

করেন। অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় নির্বাহী পরিষদ সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের সেক্রেটারি ড. শফিকুল ইসলাম মাসুদ এমপি বলেন, "বাউফলের ভোটার ও সচেতন নাগরিকদের বাজেট-সংক্রান্ত ভাবনা ও প্রত্যাশা জানতেই আজকের এই আয়োজন। এখান থেকে প্রাপ্ত পরামর্শ ও সুপারিশের ভিত্তিতে জনস্বার্থ সংশ্লিষ্ট বিষয়গুলো জাতীয় সংসদে তুলে ধরার চেষ্টা করার অঙ্গিকার ব্যক্ত করে তিনি বলেন, আমি কোনো দলের একক এমপি নয়, বরং বাউফলের সকল জনগোষ্ঠীর প্রতিনিধি হিসেবে ভূমিকা রাখায়ই আমার লক্ষ্য। তিনি আরও বলেন, "বাউফল এবার আমি একা এমপি নই, উপজেলার প্রতিটি মানুষই এমপি। তাই বাউফলের মানুষের মতামত নিয়েই আমি জাতীয় সংসদে বাজেট নিয়ে কথা বলতে চাই।" বাউফল উপজেলা পরিষদের পুরাতন অডিটরিয়াম হলরুমে জামায়াতে ইসলামীর উদ্যোগে আয়োজিত উন্মুক্ত আলোচনা সভায় উপস্থিত সাংবাদিকরা শিক্ষা, ভূমি ব্যবস্থাপনা, নদীভাঙন, মাদক নিয়ন্ত্রণসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে প্রশ্ন ও মতামত তুলে ধরেন। শিক্ষা খাতের প্রসঙ্গে প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের মতো মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসার শিক্ষার্থীদেরও খাদ্য সহায়তার আওতায় আনার বিষয়ে জাতীয় সংসদে আলোচনা করার আহ্বান জানানো হয়। এছাড়া ভূমি-সংক্রান্ত জটিলতা নিরসন, সরকারি খাস জমি প্রকৃত উপকারভোগীদের মধ্যে বন্দোবস্ত প্রদান, নদীভাঙন প্রতিরোধে কার্যকর প্রকল্প গ্রহণ এবং মাদকের বিস্তার রোধে কঠোর পদক্ষেপ ও প্রয়োজনীয় বাজেট বরাদ্দ নিশ্চিত করার দাবি জানান অংশগ্রহণকারীরা। বাংলাদেশ জামায়াতে ইসলামী বাউফল উপজেলা আমীর মাওলানা রফিকুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাউফল প্রেস ক্লাবের সভাপতি জলিলুর রহমান, সাধারণ সম্পাদক জসিম উদ্দীন, হিন্দু সম্প্রদায়ের নেতা সোনু সাহা, অতুল পাল ও জিতেন্দ্রনাথ।

বরিশাল বিশ্ববিদ্যালয়ে তীব্র পরিবহন সংকট

কার্যকর ভ্রুক্ষেপ নেই বলে অভিযোগ উঠেছে। খোঁজ নিয়ে জানা গেছে, গত মার্চ ও এপ্রিল মাসে তীব্র জ্বালানি সংকটের অজুহাতে বিকেল ৫টা ১০ মিনিটের বাস শিডিউলটি বন্ধ করে দেওয়া হয়। দীর্ঘ দিন পার হলেও সেই গুরুত্বপূর্ণ ট্রিপটি এখনো সার্ভিসে ফেরানো হয়নি। এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগের শিক্ষার্থী মো. সাকিবুল ক্ষোভ প্রকাশ করে বলেন,"আমাদের কাছ থেকে বিশ্ববিদ্যালয় প্রশাসন পরিবহন ভাতা হিসেবে বছরে ১০০০ টাকা বাধ্যতামূলকভাবে নিলেও পর্যাপ্ত সুযোগ-সুবিধা দিতে ব্যর্থ হচ্ছে। ক্লাস শেষ হতে একটু দেরি হলেই আমরা বিকেল ৪টা ১০ মিনিটের শেষ বাসটি মিস করি। ৫টা ১০ মিনিটের বাসটি বন্ধ থাকায় সন্ধ্যাকালীন ৬টা ৪৫ মিনিটের বাসে তীব্র জায়গা সংকট ও উপচে পড়া ভিড় তৈরি হচ্ছে। আমরা দ্রুত পূর্বের শিডিউল চালুর দাবি জানাচ্ছি।" পরিবহন খাতের এই নড়বড়ে অবস্থার কারণে নিয়মিত ঘটছে ছোট-বড় দুর্ঘটনা। গত ১১ জুন (২০২৬) বরিশাল বিশ্ববিদ্যালয় সংলগ্ন দপদপিয়া ব্রিজের ওপর ববির ভাড়ায় চালিত একটি ফিটনেসবিহীন বিআরটিসি বাসের সাথে 'আইকনিক এক্সপ্রেস' বাসের গুরুতর সংঘর্ষ হয়। এতে কোনো হতাহতের ঘটনা না ঘটলেও উভয় বাসই মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হয়। শিক্ষার্থীরা জানান, নতুনবাজার রুটে ২৮ আসনের মিনিবাসে প্রতিদিন ৪৫ থেকে ৫০ জন, কিংবা তারও বেশি শিক্ষার্থীকে গাদাগাদি করে যাতায়াত করতে হচ্ছে। বাসের দরজায় ঝুলে বা এক পায়ের ওপর ভর দিয়ে শিক্ষার্থীদের যাতায়াত যেন এখন 'দড়ির ওপর হাঁটার মতো' এক অনিশ্চিত ও ঝুঁকিপূর্ণ যাত্রা। মাত্র কয়েক দিন আগেই এভাবে দরজায় ঝুলে যাওয়ার সময় বাস থেকে পড়ে গিয়ে এক শিক্ষার্থীর হাত ভেঙে যাওয়ার ঘটনাও ঘটেছে। বাসে জায়গা না পেয়ে অনেক শিক্ষার্থী বাধ্য হয়ে অতিরিক্ত খরচ করে ইজিবাইক ও রিকশায় দূরপথ পাড়ি দিচ্ছেন, যা মহাসড়কে দুর্ঘটনার ঝুঁকি আরও বাড়িয়ে দিচ্ছে। বিশ্ববিদ্যালয়ের পরিবহন সংকট নিয়ে ২০২৩-২৪ সেশনের ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের শিক্ষার্থী মো. ইউসূফ আলী তাওহিদ বলেন,"প্রায় দশ হাজার শিক্ষার্থীর জন্য বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ও বিআরটিসি থেকে ভাড়াকৃত মিলে মোট ২৩টি বাস থাকলেও তা চাহিদার তুলনায় একেবারেই অপ্রতুল। বিআরটিসির দ্বিতল বাসে প্রায়ই শিক্ষার্থীদের দাঁড়িয়ে বা দরজায় ঝুলে যাতায়াত করতে হয়, যা অত্যন্ত ঝুঁকিপূর্ণ। যেকোনো সময় বড় ধরনের দুর্ঘটনা ঘটতে পারে। আর এমন কোনো বড় দুর্ঘটনা ঘটলে তার পূর্ণ দায়ভার বিশ্ববিদ্যালয় প্রশাসনকেই নিতে হবে।" সার্বিক বিষয়ে সাধারণ শিক্ষার্থীদের দাবি অনতিবিলম্বে পর্যাপ্ত চালক নিয়োগ দেওয়া, বন্ধ হয়ে যাওয়া বাসের শিডিউল পুনরায় চালু করা এবং ফিটনেসবিহীন বাস বর্জন করে শিক্ষার্থীদের নিরাপদ যাতায়াত নিশ্চিত করতে বিশ্ববিদ্যালয় প্রশাসন যেন দ্রুত কার্যকর পদক্ষেপ গ্রহণ করে।

নেছারাবাদে দুই প্রবীণ শিক্ষকের

মেডিকেল কলেজ ও হাসপাতালের নিয়মিত গভর্নিং বোর্ডের এক সভা ইউএনও'র কার্যালয়ে অনুষ্ঠিত হয়। সভায় গভর্নিং বডির সদস্য হিসেবে উপস্থিত ছিলেন হাজারো ছাত্র-ছাত্রী গড়ার কারিগর, সরকারি স্বরূপকাঠি কলেজের সাবেক প্রবীণ অধ্যাপক ফজলুল হক এবং সরকারি স্বরূপকাঠি পাইলট মডেল মাধ্যমিক বিদ্যালয়ের সাবেক প্রধান শিক্ষক শাহ আলম বাহাদুর। ?সংশ্লিষ্টরা জানান, সভা চলাকালীন বিবিধ আলোচনা পর্বে প্রবীণ অধ্যাপক ফজলুল হক স্যারকে ইউএনও'র সঙ্গে বিশেষভাবে পরিচয় করিয়ে দেওয়ার উদ্দেশ্যে সাবেক প্রধান শিক্ষক শাহ আলম বাহাদুর তাকে ইউএনও'র পাশের একটি শূন্য চেয়ারে বসার আহ্বান জানান। অধ্যাপক ফজলুল হক আসনটির দিকে এগিয়ে গেলে পরিচয় পর্ব বা সৌজন্যতা দেখানো তো দূরের কথা, ইউএনও অমিত দত্ত তাকে পাশের চেয়ারে বসতেই দেননি বলে গুরুতর অভিযোগ উঠেছে। উল্টো পাশে থাকা সাবেক প্রধান শিক্ষক শাহ আলম বাহাদুরকে চরম ধমক দিয়ে ইউএনও বলেন, "তিনি কেন এখানে বসবেন?" একজন প্রথম শ্রেণীর সরকারি কর্মকর্তার কাছ থেকে এমন আকস্মিক ও অবমাননাকর আচরণে উপস্থিত সবাই হতবাক হয়ে পড়েন। ঘটনার পর গভীর ক্ষোভ ও দুঃখ প্রকাশ করে সাবেক প্রধান শিক্ষক শাহ আলম বাহাদুর জানান, "জনপ্রতিনিধি ও শিক্ষকদের সঙ্গে বর্তমান ইউএনও যে আচরণ করেছেন, তা অত্যন্ত লজ্জাজনক। আমরা সিদ্ধান্ত নিয়েছি, বর্তমান ইউএনও অমিত দত্তের কার্যালয়ে আর যাব না।" এদিকে আরও জানা গেছে, স্বরূপকাঠি হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ ও হাসপাতালের ভারপ্রাপ্ত অধ্যক্ষ ডা. মো. হুমায়ুন কবিরের সঙ্গেও বিভিন্ন সময়ে অত্যন্ত দুর্ব্যবহার ও নেতিবাচক আচরণ করেছেন এই কর্মকর্তা। ?দুই প্রবীণ শিক্ষাগুরুর এই চরম লাঞ্ছনার খবর এলাকায় ছড়িয়ে পড়লে তাদের প্রাক্তন ও বর্তমান ছাত্র-ছাত্রীদের মাঝে তীব্র ক্ষোভের আগুন জ্বলে ওঠে। সামাজিক যোগাযোগ মাধ্যমসহ স্থানীয় সচেতন মহলে ইউএনও'র এই আচরণের তীব্র নিন্দা ও ধিক্কার জানানো হচ্ছে। ?ক্ষুব্ধ শিক্ষার্থীরা জানান, একজন শিক্ষকের সম্মান সবার ওপরে। যিনি হাজারো মেধা তৈরি করেছেন, তাকে এভাবে অপমান করা মেনে নেওয়া যায় না। অবিলম্বে অহংকারী ও বিতর্কিত এই উপজেলা নির্বাহী কর্মকর্তা অমিত দত্তকে নেছারাবাদ থেকে অপসারণ করা না হলে, সাধারণ ছাত্র-ছাত্রীদের ব্যানারে দ্রুততম সময়ের মধ্যে বিশাল মানববন্ধন ও কঠোর কর্মসূচি পালন করা হবে।

ঢাকা-বরিশাল মহাসড়কে দুই বাসের

দুর্ঘটনার পর স্থানীয়রা আহতদের উদ্ধার করে কালকিনি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যান। সেখান থেকে উন্নত চিকিৎসার জন্য তিনজনকে আশঙ্কাজনক অবস্থায় বরিশাল শের-ই বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে প্রেরণ করে চিকিৎসক। মাদারীপুরের মোস্তফাপুর হাইওয়ে থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মাসুদ খান জানান, দুর্ঘটনার খবর পেয়ে মহাসড়কের যান চলাচল স্বাভাবিক রাখে হাইওয়ে পুলিশ। এ ব্যাপারে নেওয়া হবে আইনগত ব্যবস্থা।

৩ দফা দাবিতে খুলনা-বরিশালের পাঁচ

সম্পাদক শহীদুল ইসলাম। পরিবহন মালিক ও শ্রমিকদের ৩ দফা দাবিগুলো হল- ১. সরকারি নীতিমালা লঙ্ঘন করে অনুমোদনের বাইরে অতিরিক্ত বিআরটিসি ও লিজকৃত গাড়ি চলাচল বন্ধ করা এবং নীতিমালা অনুযায়ী জেলা টার্মিনালে একটি মাত্র কাউন্টার চালু রেখে পথে পথে থাকা সব অবৈধ কাউন্টার অপসারণ করা। ২. আঞ্চলিক মহাসড়কগুলোতে অবৈধ থ্রি-হুইলার (মাহেন্দ্র, নছিমন, করিমন, অটোরিকশা) চলাচল সম্পূর্ণ বন্ধ করা। ৩. দূরপাল্লার পরিবহনে নীতিমালা বহির্ভূতভাবে লোকাল বা মাঝপথের যাত্রী পরিবহন বন্ধ করা। শ্রমিক নেতা শহীদুল ইসলাম বলেন, খুলনা ও বরিশাল বিভাগের সড়কগুলোতে সরকারি অনুমোদনের তুলনায় বেশি সংখ্যক বিআরটিসি বাস চলাচল করছে। পাশাপাশি মহাসড়কে অবৈধ থ্রি-হুইলারও নিয়মিত চলাচল করছে। তিনি জানান, এসব সমস্যা সমাধানে ২০২৪ সাল থেকে সাতটি বাস মালিক সমিতি ও সাতটি শ্রমিক ইউনিয়নের পক্ষ থেকে স্থানীয় প্রশাসনের সঙ্গে কয়েক দফা বৈঠক করা হয়েছে। তবে আশ্বাস ছাড়া দৃশ্যমান কোনো অগ্রগতি হয়নি। তার ভাষ্য, গত ২০ মে মালিক ও শ্রমিক সংগঠনগুলোর জরুরি সভায় ধর্মঘটের সিদ্ধান্ত নেওয়া হয় এবং পরে সংশ্লিষ্ট জেলা প্রশাসনকে বিষয়টি লিখিতভাবে জানানো হয়। তারা আশা করেছিলেন ১১ জুনের মধ্যে সমস্যার সমাধান হবে। কিন্তু তা না হওয়ায় ১৪ জুন থেকে অনির্দিষ্টকালের ধর্মঘটের ঘোষণা দেওয়া হয়েছে। এ বিষয়ে বাগেরহাটের জেলা প্রশাসক গোলাম মোহাম্মদ বাতেন বলেন, মালিক সমিতির দাবিগুলোর বিষয়ে প্রশাসন অবগত রয়েছে এবং তাদের সঙ্গে বৈঠকও হয়েছে। তিনি জানান, ১৪ জুন থেকে যাতে পরিবহন ধর্মঘট শুরু না হয়, সে লক্ষ্যে প্রশাসন উদ্যোগ নিয়েছে। সমস্যা সমাধানে ইতিবাচক অগ্রগতি হবে বলেও আশা প্রকাশ করেন তিনি।

'পুশ ইন' বিতর্কের মধ্যেই সীমান্তে

জানানো হয়েছে। তথাকথিত অবৈধ অভিবাসন ইস্যুতে দুই দেশের সম্পর্কের মধ্যে টানাপোড়েনের প্রেক্ষাপটে এই সিদ্ধান্ত এল। বার্তা সংস্থা রয়টার্সের খবরে বলা হয়েছে, ঢাকার অভিযোগ, ভারতীয় কর্তৃপক্ষ যথাযথ আইনি প্রক্রিয়া অনুসরণ না করে অভিবাসীদের সীমান্ত পেরিয়ে বাংলাদেশে ঠেলে দেওয়ার চেষ্টা করছে। ২০২৪ সালে শেখ হাসিনার ক্ষমতাচ্যুত হওয়ার পর দুই দেশের সম্পর্ক স্বাভাবিক করার প্রচেষ্টা এবং ভারতে অনথিভুক্ত অভিবাসীদের শনাক্ত ও বহিষ্কারের বৃহত্তর উদ্যোগের মধ্যে বিষয়টি সম্পর্ক উন্নয়নের প্রচেষ্টাকে আরও জটিল করে তুলেছে। নয়াদিল্লিতে বাংলাদেশ বর্ডার গার্ড (বিজিবি) এবং ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী বিএসএফের শীর্ষ কর্মকর্তাদের চার দিনব্যাপী বৈঠক শেষে প্রকাশিত যৌথ বিবৃতিতে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) এবং ভারতের বর্ডার সিকিউরিটি ফোর্স (বিএসএফ) আলোচনাকে 'আন্তরিক, ইতিবাচক এবং ভবিষ্যৎমুখী' উল্লেখ করা হয়। নিয়মিত আয়োজিত এই বৈঠকে সীমান্ত এলাকায় 'অবৈধ, অনিচ্ছাকৃত এবং জোরপূর্বক সীমান্ত অতিক্রমের' বিষয়টিও আলোচনায় এসেছে। সাম্প্রতিক মাসগুলোতে এটি ক্রমেই একটি বিতর্কিত ও স্পর্শকাতর ইস্যুতে পরিণত হয়েছে। বাংলাদেশ ও ভারতের মধ্যে ৪ হাজার কিলোমিটারের বেশি দীর্ঘ সীমান্ত রয়েছে, যা বিশ্বের দীর্ঘতম সীমান্তগুলোর একটি। ভারতের ক্ষমতাসীন ভারতীয় জনতা পার্টি (বিজেপি) যারা ত্রিপুরা, পশ্চিমবঙ্গ ও আসামের মতো গুরুত্বপূর্ণ সীমান্তবর্তী রাজ্যগুলো শাসন করে, তথাকথিত অনথিভুক্ত অভিবাসন মোকাবিলাকে অগ্রাধিকার হিসেবে ঘোষণা করেছে। গত বছর থেকে দলটি 'অবৈধ অনুপ্রবেশকারী' হিসেবে চিহ্নিত তথাকথিত 'বাংলাভাষী মুসলমানদের' বাংলাদেশে পাঠিয়ে দেওয়ার চেষ্টা করে আসছে। বাংলাদেশ জানিয়েছে, এ ধরনের কার্যক্রম বন্ধের আহ্বান জানিয়ে তারা নয়াদিল্লির কাছে এক ডজনের বেশি চিঠি পাঠিয়েছে। বিজিবি জানিয়েছে, সাম্প্রতিক সপ্তাহগুলোতে তারা এ ধরনের একাধিক কথিত 'পুশ ইন' প্রচেষ্টা প্রতিহত করেছে। পাশাপাশি সীমান্ত এলাকায় মোতায়েন, গোয়েন্দা তৎপরতা এবং ড্রোন নজরদারিও জোরদার করা হয়েছে। চলতি সপ্তাহের শুরুতে বাংলাদেশের পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ ইসলাম বলেন, যথাযথ আইনি প্রক্রিয়া ছাড়া কাউকে সীমান্ত পেরিয়ে পাঠিয়ে দেওয়া 'একেবারেই গ্রহণযোগ্য নয়।' তিনি সতর্ক করে বলেন, এ ধরনের ঘটনা দ্বিপক্ষীয় সম্পর্ক উন্নয়নের প্রচেষ্টাকে ক্ষতিগ্রস্ত করতে পারে। বাংলাদেশ জানিয়েছে, কথিত জোরপূর্বক সীমান্ত অতিক্রম ঠেকাতে সীমান্তের বিভিন্ন অংশে টহল জোরদার করা হয়েছে এবং সচেতনতামূলক কার্যক্রমও চালু করা হয়েছে। অন্যদিকে ভারত মে মাসে জানিয়েছিল, তারা আনুষ্ঠানিক কাগজপত্র ছাড়া ভারতে বসবাসরত ২ হাজার ৮৬০ জনের বেশি সন্দেহভাজন বাংলাদেশি নাগরিকের জাতীয়তা যাচাই করতে ঢাকার সহায়তা চেয়েছে। যৌথ বিবৃতিতে বলা হয়েছে, দুই পক্ষ মানব পাচার, সীমান্তে প্রাণহানি, চোরাচালান, সীমান্ত অবকাঠামো এবং সমন্বিত সীমান্ত ব্যবস্থাপনা পরিকল্পনা (কো-অর্ডিনেটেড বর্ডার ম্যানেজমেন্ট প্ল্যান) বাস্তবায়ন নিয়েও আলোচনা করেছে। বিবৃতিতে আরও বলা হয়, 'ভারত-বাংলাদেশ সীমান্তে শান্তি, প্রশান্তি এবং স্থিতিশীলতা বজায় রাখার অঙ্গীকার দুই পক্ষ পুনর্ব্যক্ত করেছে।' পাশাপাশি সমন্বিত টহল জোরদার, নজরদারি বৃদ্ধি, তাৎক্ষণিক তথ্য আদান-প্রদান উন্নত করা এবং আন্তসীমান্ত অপরাধী চক্রের বিরুদ্ধে যৌথ পদক্ষেপ বাড়ানোর বিষয়েও একমত হয়েছে তারা। যৌথ বিবৃতিতে জানানো হয়, দুই দেশের শীর্ষ সীমান্ত কর্মকর্তাদের পরবর্তী বৈঠক আগামী নভেম্বরে ঢাকায় অনুষ্ঠিত হবে।

বৈশ্বিক অর্থনীতিকে কোভিড পর্যায়ে

ইকোনমিক প্রোসপেক্ট' নামের একটি প্রতিবেদনে এ দাবি করেছে ওয়াশিংটনভিত্তিক এই ঋণদাতা সংস্থা। প্রতিবেদনে বলা হয়েছে, ২০২৬ সালের জানুয়ারিতে বিশ্বব্যাংকের হিসেব বলেছিল যে চলতি বছরের শেষ দিকে বৈশ্বিক অর্থনীতির প্রবৃদ্ধি ঘটবে ২ দশমিক ৯ শতাংশ। "কিন্তু যুক্তরাষ্ট্র-ইরান যুদ্ধের জেরে জ্বালানি পণ্যের বৈশ্বিক বাজারে অস্থিরতা দেখা দেওয়ায় বহু দেশকে অতিরিক্ত দাম দিয়ে জ্বালানি কিনতে হচ্ছে। এর পার্শ্বপ্রতিক্রিয়া হিসেবে সেসব দেশে ইতোমধ্যে মূল্যস্ফীতি শুরু হয়েছে। ফলে বাৎসরিক বৈশ্বিক প্রবৃদ্ধি সম্পর্কে বিশ্বব্যাংকও তার পূর্ববর্তী ধারণা থেকে সরে আসতে বাধ্য হয়েছে। এখন বিশ্বব্যাংকের আনুমানিক ধারণা, যদি শিগগিরই যুক্তরাষ্ট্র-ইরান যুদ্ধ শেষ হয় তাহলেও বছরশেষে মোট বৈশ্বিক প্রবৃদ্ধি পৌঁছাবে ২ দশমিক ৪ শতাংশে।" যদি এই যুদ্ধ আরও দীর্ঘায়িত হয় তাহলে প্রবৃদ্ধি আরও কমবে। নিকট অতীতে করোনা মহামারির সময় এমন অবস্থা দেখা গিয়েছিল।" ইরানের পরমাণু প্রকল্প নিয়ে মতবিরোধের জেরে গত ২৮ ফেব্রুয়ারি দেশটিতে 'অপারেশন এপিক ফিউরি' শুরু করে মার্কিন বাহিনী। এদিকে মার্কিন বাহিনী অভিযান শুরুর পরই হরমুজ প্রণালিতে অবরোধ জারি করে ইরানের প্রতিরক্ষা বাহিনী। অবরোধ আরও দৃঢ় করতে প্রণালির বিভিন্ন জায়গায় জলমাইনও পেতে রাখা হয়। ১৬৭ কিলোমিটার দীর্ঘ হরমুজ প্রণালি বিশ্বের সবচেয়ে গুরুত্বপূর্ণ বাণিজ্য জলপথগুলোর মধ্যে একটি। বিশ্বের মোট জ্বালানিপণ্যের এক পঞ্চমাংশ পরিবহন করা হয় এই জলপথ দিয়ে। এছাড়া সার ও রাসায়নিক পণ্যের বৈশ্বিক বাণিজ্যেও এ জলপথের ভূমিকা খুব গুরুত্বপূর্ণ। হরমুকে ইরান অবরোধ জারির পর থেকে মারত্মকভাবে বাধাগ্রস্ত হয়েছে প্রণালিতে বাণিজ্যিক জাহাজের চলাচল। যুদ্ধের আগে যেখানে প্রতিদিন এই প্রণালি দিয়ে গড়ে ১২০টি বাণিজ্যিক জাহাজ চলাচল করত, বর্তমানে তা নেমে এসেছে ৫ থেকে ৭টিতে। প্রণালীর বাইরে আটকে আছে আছে শত শত বাণিজ্যিক জাহাজ। জাহাজ চলাচল ব্যাহত হওয়ায় জ্বালানি পণ্যের বাজারে সরবরাহ ঘাটতি দেখা দিয়েছে। বিশ্বব্যাংকের হিসেব অনুযায়ী, জানুয়ারি থেকে মে পর্যন্ত ৫ মাসে প্রতি ব্যারেল অপরিশোধিত জ্বালানি তেলের গড় মূল্য ছিল ৯৪ ডলার। এই দাম গত বছর অর্থাৎ ২০২৫ সালের জানুয়ারি থেমে মে পর্যন্ত অপরিশোধিত তেলের গড় মূল্যের তুলনায় শতকরা ৩৬ ভাগ বেশি। এছাড়া নেতিবাচক প্রভাব পড়েছে সারের আন্তর্জাতিক বাজারেও। হরমুজে অবরোধ এবং তার জেরে সরবরাহ ব্যবস্থা এলোমেলো হয়ে পড়ায় বাড়ছে সারের দাম। এর ফলে কৃষি ও খাদ্যপণ্যের দামে মূল্যস্ফীতি দেখা দেবে বলে জানিয়েছে বিশ্বব্যাংক। "যদি জ্বালানি পণ্য ও সারের বাজারে অস্থিরতা থাকে, তাহলে বছরশেষে প্রবৃদ্ধি কমবে ১ দশমিক ৩ শতাংশ এবং মূল্যস্ফীতি বাড়বে ৪ দশমিক ৪ শতাংশ। ২০২০ সালে করোনা মহামারির সময় বিশ্ব অর্থনীতিতে এমন অবস্থা দেখা গিয়েছিল", বলা হয়েছে বিশ্বব্যাংকের 'গ্লোবাল ইকোনমি প্রসপেক্ট' প্রতিবেদনে।

সোনার দাম এখন

সনাতন পদ্ধতির এক ভরি সোনা বিক্রি হচ্ছে ১ লাখ ৪৫ হাজার ৫০৮ টাকা। অন্যদিকে, ২২ ক্যারেটের প্রতি ভরি রুপার দাম রাখা হচ্ছে ৪ হাজার ৮৪১ টাকা। এছাড়া ২১ ক্যারেটের রুপা প্রতি ভরি ৪ হাজার ৬০৭ টাকা, ১৮ ক্যারেটের রুপা ৩ হাজার ৯৬৬ টাকা এবং সনাতন পদ্ধতির রুপা প্রতি ভরি ২ হাজার ৯৭৪ টাকায় বিক্রি হচ্ছে।

পটুয়াখালীতে বড় পর্দায় দেখা

ব্যবস্থা করতে পারতো। কিন্তু পুরো আয়োজন বন্ধ করে দেওয়ায় আমরা কষ্ট পেয়েছি।' সোহেল রানা নামের আরেকজন বলেন, 'ঝাউবনে খেলা দেখার আয়োজন হওয়ার পর শহরের মানুষ নতুন একটি বিনোদনের সুযোগ পেয়েছিল। এখানে কোনো অপ্রীতিকর ঘটনা ঘটেনি। তাই আমরা চাই সিদ্ধান্তটি পুনর্বিবেচনা করা হোক।' খেলা প্রদর্শনের উদ্যোক্তা আব্দুল্লাহ আন নাহিয়ান বলেন, 'তরুণদের জন্য একটি সুস্থ ও সুন্দর বিনোদনের পরিবেশ তৈরি করতেই আমরা বড় পর্দায় খেলা দেখার আয়োজন করেছিলাম। কিন্তু কোন প্রেক্ষাপটে প্রশাসন এটি বন্ধের নির্দেশ দিয়েছে, তা আমার বোধগম্য নয়। আমরা প্রশাসনের কাছে অনুরোধ জানাই, খেলা দেখার আয়োজনটি যেন চালু থাকে।'

সামাজিক যোগাযোগ মাধ্যমে

করেন। এছাড়া নিরাপত্তার কথা বলে তার স্ত্রীর প্রায় ১২ ভরি স্বর্ণালঙ্কার নিজের কাছে রেখে দেন। দীর্ঘ সময় অতিবাহিত হলেও প্লট ক্রয় করে না দিয়ে বিভিন্ন অজুহাতে বিষয়টি এড়িয়ে যান। মাসুদ আরও অভিযোগ করেন, টাকা ও স্বর্ণালঙ্কারের বিষয়ে চাপ দিলে মোফাক্কারুল ইসলাম মিশন তাদের সঙ্গে দুর্ব্যবহার শুরু করেন। এমনকি তার বাবা ও পরিবারের সদস্যদের সঙ্গেও অসৌজন্যমূলক আচরণ করেন এবং তার স্ত্রীকে অকথ্য ভাষায় গালিগালাজ করেন। লিখিত বক্তব্যে তিনি দাবি করেন, টাকা ও স্বর্ণালঙ্কার ফেরত চাইলে অভিযুক্ত ব্যক্তি ক্ষিপ্ত হয়ে ওঠেন এবং তাকে বিভিন্নভাবে ভয়ভীতি প্রদর্শন করেন। এছাড়া তার ব্যবসা প্রতিষ্ঠান থেকে দুইবার অপহরণ করে নিয়ে যাওয়া এবং প্রাণনাশের হুমকি দেওয়ার অভিযোগও করেন তিনি। এ অবস্থায় প্রাণের নিরাপত্তার কথা বিবেচনা করে তিনি ও তার স্ত্রী সেখান থেকে চলে আসতে বাধ্য হন বলে জানান। সংবাদ সম্মেলনে আরও বলা হয়, বর্তমানে অভিযুক্তরা টাকা ও স্বর্ণালঙ্কার ফেরত না দিয়ে সামাজিক যোগাযোগ মাধ্যমে তাদের ব্যক্তিগত ছবি ব্যবহার করে বিভ্রান্তিকর ও মানহানিকর প্রচারণা চালিয়ে যাচ্ছে। এতে তারা সামাজিকভাবে হেয় প্রতিপন্ন হওয়ার পাশাপাশি মানসিকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছেন। মাসুদ বলেন, "কারও ব্যক্তিগত ছবি ব্যবহার করে অপপ্রচার, মানহানি এবং সম্পদ আত্মসাৎ কোনো সভ্য সমাজে গ্রহণযোগ্য নয়। আমি এসব কর্মকাণ্ডের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাচ্ছি।" তিনি প্রশাসনের কাছে মোফাক্কারুল ইসলাম মিশন, তার বোন মুক্তাসহ সংশ্লিষ্টদের বিরুদ্ধে সুষ্ঠু তদন্তের মাধ্যমে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ, নিজের ও স্ত্রীর নিরাপত্তা নিশ্চিতকরণ এবং নগদ টাকা ও স্বর্ণালঙ্কার উদ্ধারে কার্যকর পদক্ষেপ গ্রহণের দাবি জানান। সংবাদ সম্মেলনে তিনি বলেন, "আমি আইনের প্রতি শ্রদ্ধাশীল। তাই আইনগতভাবে আমার সকল অধিকার প্রতিষ্ঠার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করব।"

তালতলীর ইউএনও জাহিদুল

মোহাম্মদ জাহিদুল ইসলাম (পরিচিতি নম্বর-১৮৭৫৬),যিনি বর্তমানে বরগুনার তালতলী উপজেলা নির্বাহী কর্মকর্তা হিসেবে কর্মরত রয়েছেন। তাকে ইউএনও পদ থেকে প্রত্যাহারপূর্বক সিনিয়র সহকারী কমিশনার হিসেবে পরবর্তী পদায়নের জন্য ময়মনসিংহ বিভাগীয় কমিশনারের কার্যালয়ে ন্যস্ত করা হয়েছে। তবে জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রজ্ঞাপনে তার প্রত্যাহারের কারণ উল্লেখ করা হয়নি। ২০২৫ সালের শেষ দিকে বৃহৎ প্রশাসনিক রদবদলের সময় মোহাম্মদ জাহিদুল ইসলাম তালতলীর ইউএনও হিসেবে পদায়ন পেয়েছিলেন। তিনি প্রায় সাত মাস তালতলীতে দায়িত্ব পালন করেন।

বকেয়াসহ অন্যান্য দাবিতে অলিম্পিক

কারখানাটি বন্ধ হলে আমাদের সব পাওনা পরিশোধ করতে হবে। পাশাপাশি যারা এই কোম্পানি কিনবে, তাদের কাছে পুরোনো শ্রমিকদের কাজে নেওয়ার দাবি জানাচ্ছি। এছাড়া আমাদের বকেয়া টাকা দ্রুত বুঝিয়ে দেওয়ারও দাবি জানান তিনি। বাসদ বরিশাল জেলা কমিটির সমন্বয়ক ডা. মনীষা চক্রবর্তী বলেন, মূলত প্রতিষ্ঠানটির মালিকানা পরিবর্তন হচ্ছে। এ কারণে উৎপাদন বন্ধ ঘোষণা করা হয়েছে। এই প্রতিষ্ঠানে প্রায় ৩০০ শ্রমিক কর্মরত রয়েছেন। তাই আমাদের দাবি, মালিকানা পরিবর্তন হলে পরবর্তী মালিককে ওই শ্রমিকদের কাজে নিয়োগের নিশ্চয়তা দিতে হবে। একই সঙ্গে শ্রমিকদের পাওনা কত দিনের মধ্যে পরিশোধ করা হবে, সে বিষয়েও নিশ্চয়তা দিতে হবে। প্রসঙ্গত, ক্রমাগত ব্যাবসায়িক লোকসান, কাঁচামাল ও এলসি সংকটের কারণ দেখিয়ে বরিশালের অলিম্পিক সিমেন্ট কারখানার উৎপাদন স্থায়ীভাবে বন্ধ ঘোষণা করা হয়েছে। গত বুধবার (১০ জুন) কারখানাটির ব্যবস্থাপনা পরিচালক অনিকা রহমান স্বাক্ষরিত এক নোটিশে আনুষ্ঠানিকভাবে এ সিদ্ধান্ত জানানো হয়। পাশাপাশি বকেয়া পরিশোধ না করেই ৩০০ শ্রমিককে ছাঁটাই করা হয়।

সীমান্তে 'পুশইন' আন্তর্জাতিক

বিজিবি অত্যন্ত দায়িত্বশীল ভূমিকা পালন করছে। এ জন্য ইসলামী আন্দোলন বাংলাদেশের পক্ষ থেকে তিনি বিজিবিকে ধন্যবাদ জানান। ভারতের প্রতি আহ্বান জানিয়ে রেজাউল করীম বলেন, এ ধরনের আন্তর্জাতিক আইনবহির্ভূত আচরণ থেকে সরে এসে আলোচনা ও কূটনৈতিক উদ্যোগের মাধ্যমে সমস্যার সমাধান করা উচিত। প্রয়োজনে জাতিসংঘের মতো আন্তর্জাতিক প্ল্যাটফর্মেও আলোচনা হতে পারে। বাজেট প্রসঙ্গে ইসলামী আন্দোলনের আমির বলেন, জবাবদিহি ও স্বচ্ছতা ছাড়া কোনো বাজেট জনগণের কল্যাণ বয়ে আনতে পারে না। তিনি বলেন, দেশের প্রতিটি মানুষ প্রত্যক্ষ বা পরোক্ষভাবে কর-ভ্যাট দিচ্ছে। তাই জনগণের অর্থ কোন খাতে কীভাবে ব্যয় হচ্ছে, তা জাতির সামনে পরিষ্কার থাকতে হবে। তিনি আরও বলেন, বাজেটের সুফল তৃণমূল পর্যায়ের মানুষের কাছে পৌঁছাতে হবে। সরকার যদি জবাবদিহি, স্বচ্ছতা ও সুশাসন নিশ্চিত করে কার্যকর ভূমিকা পালন করে, তাহলে দেশের ও মানুষের কল্যাণ হবে।

ঝালকাঠি সদরে স্টার্টআপ

নির্বাহী ম্যাজিস্ট্রেট মো. মেহেদী হাসান, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা হারুনুর রশিদ এবং বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষকবৃন্দ। প্রদর্শনীতে উপজেলার বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থীরা ১০টি স্টলে তাদের উদ্ভাবনী প্রকল্প, বিজ্ঞানভিত্তিক গবেষণা এবং স্টার্টআপ ধারণা উপস্থাপন করেন। প্রযুক্তিনির্ভর ও পরিবেশবান্ধব নানা উদ্ভাবন দর্শনার্থীদের ব্যাপকভাবে আকৃষ্ট করে। অনুষ্ঠান শেষে উপজেলা নির্বাহী কর্মকর্তা সেগুফতা মেহনাজ প্রদর্শনীর বিভিন্ন স্টল পরিদর্শন করেন। পরে সেরা প্রকল্প ও উদ্ভাবনী ধারণার জন্য অংশগ্রহণকারীদের পুরস্কৃত করার ঘোষণা দেওয়া হয়।

খেলনা দেওয়ার কথা বলে

কাজীরহাট থানায় মামলা দায়ের করেছেন। মামলায় ওই এলাকার আক্কেল আলী খানের ছেলে এনায়েত খান (৫০) কে আসামি করা হয়েছে। স্থানীয় ও মামলার সূত্রে জানা যায়, বুধবার বিকেলে শিশুটির মা কাজে বের হন। পরবর্তীতে এনায়েত খান শিশুটিকে খেলনা দেওয়ার কথা বলে বাহিরে ডেকে নেয়। পরে জোরপূর্বক পার্শ্ববর্তী বাগানে নিয়ে শিশুটিকে ধর্ষণ করেন। এতে শিশুটি অসুস্থ হয়ে পরলে তাকে ঘটনাস্থলেই ফেলে রেখে চলে যায় এনায়েত। পরে শিশুটির মা বাড়ি ফিরে মেয়ের কান্না শুনে তাকে খুঁজে পেয়ে স্থানীয় এক পল্লী চিকিৎসকের কাছে নিয়ে যান। এ সময় বিষয়টি জানাজানি হয়। শিশুটির অবস্থা আশঙ্কাজনক হওয়ায় পল্লী চিকিৎসক প্রাথমিক চিকিৎসা শেষে তাকে পুলিশে খবর দিতে এবং বরিশালে উন্নত চিকিৎসা নেওয়ার পরামর্শ দিয়েছেন। তবে শিশুর অভিভাবকরা লোকলজ্জার ভয়ে শুরুতে থানায় অভিযোগ করতে রাজি হননি। এদিকে বুধবার রাতে এনায়েত খান স্থানীয় প্রভাবশালীদের মাধ্যমে বিষয়টি টাকা-পয়সা দিয়ে মীমাংসার চেষ্টা করেন। পরবর্তীতে বিষয়টি জানাজানি হলে বৃহস্পতিবার বিকেলে কাজীরহাট থানা পুলিশ শিশুটিকে অভিভাবকসহ উদ্ধার করে থানায় নিয়ে আসেন। কাজীরহাট থানার ওসি মো. সিদ্দিকুর রহমান বলেন, শিশু নির্যাতনের ঘটনায় মামলা দায়ের করা হয়েছে। ভুক্তভোগীকে পরীক্ষা ও উন্নত চিকিৎসার জন্য ওসিসিতে পাঠানো হয়েছে। অভিযুক্তকে গ্রেপ্তারের চেষ্টা চলছে।

কাউখালীতে স্টার্টআপ, বিজ্ঞান

আব্দুল হান্নান। প্রদর্শনীতে উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের অংশগ্রহণে মোট ১৫টি স্টল প্রদর্শন করা হয়। শিক্ষার্থীরা তাদের উদ্ভাবনী চিন্তা, বিজ্ঞানভিত্তিক প্রকল্প ও প্রযুক্তিনির্ভর বিভিন্ন ধারণা উপস্থাপন করে। উপজেলা নির্বাহী অফিসার মোঃ আসাদুজ্জামান বলেন, শিক্ষার্থীদের মেধা ও সৃজনশীলতাকে বিকশিত করার জন্য এ ধরনের প্রদর্শনী অত্যন্ত কার্যকর। ভবিষ্যতে আরও বেশি সংখ্যক শিক্ষাপ্রতিষ্ঠানকে অংশগ্রহণের সুযোগ করে দিয়ে বিজ্ঞান ও উদ্ভাবন চর্চাকে এগিয়ে নেওয়া হবে। প্রদর্শনীতে প্রথম হয়েছেন সরকারী কে,জি ইউনিয়ন উচ্চ বালক বিদ্যালয়। এছাড়াও বিভিন্ন ক্যাটাগরিতে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

বাউফলে স্টার্টআপ, বিজ্ঞান প্রকল্প-উদ্ভাবনী ধারণা প্রদর্শনী

বাউফল প্রতিনিধি

পটুয়াখালীর বাউফলে শিক্ষার্থীদের বিজ্ঞানমনস্কতা, সৃজনশীলতা ও উদ্ভাবনী চিন্তাধারার বিকাশে 'Startup, Science Project and Innovation Idea Showcasing Program' অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার উপজেলা পরিষদ হলরুমে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে উপজেলার বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থীরা তাদের উদ্ভাবনী বিজ্ঞানভিত্তিক প্রকল্প, প্রযুক্তিনির্ভর সমাধান এবং সম্ভাবনাময় স্টার্টআপ ধারণা উপস্থাপন করেন। এর মাধ্যমে শিক্ষার্থীরা নিজেদের মেধা, গবেষণামূলক চিন্তা ও সৃজনশীল উদ্ভাবন তুলে ধরার সুযোগ পান। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পটুয়াখালী-২ (বাউফল) আসনের সংসদ সদস্য ড. শফিকুল ইসলাম মাসুদ। তিনি শিক্ষার্থীদের উদ্দেশ্যে মেধা, বিজ্ঞান ও উদ্ভাবনের গুরুত্ব তুলে ধরে বক্তব্য দেন। তিনি বলেন, বিজ্ঞান ও প্রযুক্তিনির্ভর শিক্ষা তরুণ প্রজন্মকে দক্ষ মানবসম্পদ হিসেবে গড়ে তুলতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাউফল উপজেলা নির্বাহী কর্মকর্তা সালেহ আহমেদ। তিনি শিক্ষার্থীদের নতুন নতুন ধারণা ও উদ্ভাবনী কর্মকাণ্ডে অংশগ্রহণের জন্য উৎসাহিত করেন। অনুষ্ঠানটি আয়োজন করে এডুকেশনাল এক্সিলেন্স সাপোর্ট স্কিম (EESS), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা। বাউফল উপজেলা প্রশাসন ও উপজেলা মাধ্যমিক শিক্ষা কার্যালয় এর বাস্তবায়ন করে। আয়োজকরা জানান, এ ধরনের উদ্যোগ শিক্ষার্থীদের মধ্যে বিজ্ঞানভিত্তিক শিক্ষা, উদ্যোক্তা মনোভাব এবং উদ্ভাবনী সংস্কৃতি গড়ে তুলতে সহায়ক ভূমিকা পালন করবে। এতে ভবিষ্যতে জাতীয় উন্নয়ন ও প্রযুক্তিনির্ভর অর্থনীতি বিনির্মাণে তরুণ প্রজন্ম আরও কার্যকর অবদান রাখতে সক্ষম হবে।

বৈশ্বিক অর্থনীতিকে কোভিড পর্যায়ে নিয়ে যাচ্ছে যুক্তরাষ্ট্র-ইরান যুদ্ধ

কীর্তনখোলা ডেস্ক

২০২০ সালে করোনা মহামারির সময় বৈশ্বিক অর্থনীতিতে যে ধস নেমেছিল, যুক্তরাষ্ট্র-ইরান যুদ্ধ পৃথিবীকে আবার সেই পর্যায়ের দিকে নিয়ে যাচ্ছে বলে দাবি করেছে বিশ্বের সর্ববৃহৎ ঋণদাতা সংস্থা বিশ্বব্যাংক। বৃহস্পতিবার 'গ্লোবাল ৩ এর পাতায় দেখুন

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
বরিশাল ॥ শনিবার ॥ ১৩ জুন ২০২৬ ॥ ৩০ জ্যৈষ্ঠ ১৪৩৩

'পুশ ইন' বিতর্কের মধ্যেই সীমান্তে সমন্বিত টহলের সিদ্ধান্ত ঢাকা-দিল্লির

কীর্তনখোলা ডেস্ক

বাংলাদেশ ও ভারত তাদের অভিন্ন সীমান্তে সহযোগিতা আরও গভীর করার বিষয়ে একমত হয়েছে। উন্নত গোয়েন্দা তথ্য বিনিময় এবং সমন্বিত টহল জোরদারের সিদ্ধান্ত নিয়েছে দুই দেশ। শুক্রবার প্রকাশিত এক যৌথ বিবৃতিতে এই তথ্য ৩ এর পাতায় দেখুন

৩ দফা দাবিতে খুলনা-বরিশালের পাঁচ জেলায় পরিবহন ধর্মঘটের ঘোষণা

কীর্তনখোলা রিপোর্ট

মহাসড়কে অবৈধ থ্রি-হুইলার চলাচল বন্ধসহ তিন দফা দাবিতে খুলনা ও বরিশাল বিভাগের পাঁচ জেলায় অনির্দিষ্টকালের পরিবহন ধর্মঘটের ঘোষণা দিয়েছে বাস মালিক সমিতি ও শ্রমিক ইউনিয়ন। দাবি পূরণ না হলে আগামী ১৪ জুন ভোর ৬টা থেকে এ ধর্মঘট শুরু হবে। পরিবহন নেতাদের দাবি, স্থানীয় প্রশাসনের সঙ্গে একাধিক বৈঠক হলেও তাদের দাবিগুলোর কোনো কার্যকর সমাধান হয়নি। এ কারণে তারা ধর্মঘটের সিদ্ধান্ত নিতে বাধ্য হয়েছেন। ধর্মঘট কার্যকর হলে বাগেরহাট, খুলনা, পিরোজপুর, ঝালকাঠি ও বরিশাল জেলায় সব ধরনের গণপরিবহন চলাচল বন্ধ থাকবে বলে জানিয়েছেন বাগেরহাট আন্তঃজেলা বাস-মিনিবাস, কোচ ও মাইক্রোবাস মালিক সমিতির সাধারণ ৩ এর পাতায় দেখুন

বরিশাল বিশ্ববিদ্যালয়ে তীব্র পরিবহন সংকট ঝুঁকিপূর্ণ যাতায়াতে ক্ষুব্ধ শিক্ষার্থীরা

কীর্তনখোলা রিপোর্ট

তীব্র যানবাহন ও চরম জনবলসংকটে বিপর্যস্ত হয়ে পড়েছে বরিশাল বিশ্ববিদ্যালয়ের (ববি) পরিবহন খাত। প্রায় ১০ হাজার শিক্ষক, শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারীর বিপরীতে বিশ্ববিদ্যালয়টিতে যানবাহন রয়েছে মাত্র ২৫টি। এর বিপরীতে স্থায়ী চালক আছেন মাত্র ১১ জন। জনবলসংকট এতটাই প্রকট যে, হেল্পার এমনকি নিরাপত্তাকর্মী দিয়েও বিশ্ববিদ্যালয়ের বাস পরিচালনা করার মতো গুরুতর অভিযোগ উঠেছে। সীমিত বাসসেবা, লোকবলের ঘাটতি এবং নড়বড়ে ও ত্রুটিপূর্ণ যানবাহনের কারণে প্রতিদিনই চরম ভোগান্তি ও দুর্ঘটনার ঝুঁকিতে পড়ছে সাধারণ শিক্ষার্থীরা। অথচ এ বিষয়ে বিশ্ববিদ্যালয় প্রশাসনের কোনো ৩ এর পাতায় দেখুন

ঢাকা-বরিশাল মহাসড়কে দুই বাসের মুখোমুখি সংঘর্ষে আহত ১৫

কীর্তনখোলা রিপোর্ট

ঢাকা-বরিশাল মহাসড়কের মাদারীপুরে যাত্রীবাহী দুটি বাসের মুখোমুখি সংঘর্ষে আহত হয়েছেন অন্তত ১৫ জন। তাদের মধ্যে তিনজনের অবস্থা আশঙ্কাজনক। শুক্রবার (১২ জুন) সকাল ৯টার দিকে ঢাকা-বরিশাল মহাসড়কের কালকিনি উপজেলার গোপালপুরে এ ঘটনা ঘটে। পুলিশ সূত্রে জানা যায়, সকালে বরিশাল থেকে রাজধানী ঢাকার উদ্দেশে ছেড়ে আসে ইয়েস পরিবহনের একটি যাত্রীবাহী বাস। মাঝপথে কালকিনি উপজেলার গোপালপুরে আসলে বিপরীত দিক থেকে আসা অপর একটি যাত্রীবাহী বাসের সংঘর্ষে মুখোমুখি সংঘর্ষ হয়। এতে আহত হন অন্তত ১৫ জন। ৩ এর পাতায় দেখুন

বকেয়াসহ অন্যান্য দাবিতে অলিম্পিক সিমেন্টের ছাঁটাই শ্রমিদের বিক্ষোভ

কীর্তনখোলা রিপোর্ট

অলিম্পিক সিমেন্ট লিমিটেডের অ্যাংকর সিমেন্টের উৎপাদন বন্ধ করে, কারখানা বন্ধের পর বকেয়া বেতনসহ অন্যান্য পাওনার দাবিতে বিক্ষোভ করেছেন ছাঁটাইয়ের শিকার শ্রমিকরা। শুক্রবার (১২ জুন) সকাল থেকে দিনভর নগরীর রূপাতলীতে কারখানার সামনে শ্রমিকরা অবস্থান কর্মসূচি পালন করেন। এ সময় আন্দোলনকারীরা তাদের দুই মাসের বকেয়া বেতন, ওভারটাইমের টাকাসহ বিভিন্ন পাওনা আইনানুযায়ী বুঝিয়ে দেওয়ার দাবি জানান। পাশাপাশি কারখানাটি অন্যত্র স্থানান্তর করা হলে ছাঁটাই হওয়া এই ৩০০ শ্রমিকের কর্মসংস্থানের নিরাপত্তা নিশ্চিত করার দাবি তোলেন তারা। এ দাবির প্রেক্ষিতে কারখানা কর্তৃপক্ষ বলেছেন, শ্রমিকদের পাওনা বুঝিয়ে দিতে তারা অঙ্গীকারবদ্ধ। কারখানা থেকে ছাঁটাই হওয়া শ্রমিক ফারুক হোসেন বলেন, ৩ এর পাতায় দেখুন

নেছারাবাদে দুই প্রবীণ শিক্ষকের সঙ্গে ইউএনও'র অসদাচরণ

নেছারাবাদ প্রতিনিধি

পিরোজপুরের নেছারাবাদে (স্বরূপকাঠি) উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) অমিত দত্তের বিরুদ্ধে উপজেলার দুই প্রবীণ ও শ্রদ্ধেয় শিক্ষক এবং হোমিওপ্যাথিক মেডিকেল কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষের সঙ্গে চরম অসদাচরণ ও অবমাননাকর আচরণের অভিযোগ উঠেছে। এই ঘটনার পর স্থানীয় শিক্ষা মহলে তীব্র অসন্তোষ ও ছাত্র-ছাত্রীদের মাঝে চরম ক্ষোভ বিরাজ করছে। পরিস্থিতি নিয়ন্ত্রণে না এলে সাধারণ শিক্ষার্থীরা কঠোর আন্দোলনের পাশাপাশি মানববন্ধনের প্রস্তুতি নিচ্ছেন বলে জানা গেছে। ভুক্তভোগী ও প্রত্যক্ষদর্শী সূত্রে জানা যায়, গত ১১ জুন স্বরূপকাঠি হোমিওপ্যাথিক ৩ এর পাতায় দেখুন

তালতলীর ইউএনও জাহিদুল ইসলামকে প্রত্যাহার

তালতলী প্রতিনিধি

বরগুনার তালতলী উপজেলার উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মোহাম্মদ জাহিদুল ইসলামকে বর্তমান দায়িত্ব থেকে প্রত্যাহার করেছে জনপ্রশাসন মন্ত্রণালয়। তাকে সিনিয়র সহকারী কমিশনার হিসেবে পরবর্তী পদায়নের জন্য ময়মনসিংহ বিভাগীয় কমিশনারের কার্যালয়ে ন্যস্ত করা হয়েছে। বৃহস্পতিবার (১১ জুন) সন্ধ্যার দিকে এ সংক্রান্ত একটি প্রজ্ঞাপন জারি করেছে জনপ্রশাসন মন্ত্রণালয়। জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাঠ প্রশাসন-১ শাখা থেকে জারি করা প্রজ্ঞাপনে বলা হয়, বিসিএস (প্রশাসন) ক্যাডারের কর্মকর্তা ৩ এর পাতায় দেখুন

সামাজিক যোগাযোগ মাধ্যমে অপপ্রচারের অভিযোগে সংবাদ সম্মেলন

ভোলা প্রতিনিধি

স্বর্ণালঙ্কার ও নগদ টাকা আত্মসাৎ এবং সামাজিক যোগাযোগ মাধ্যমে অপপ্রচার চালানোর অভিযোগ এনে সংবাদ সম্মেলন করেছেন ভোলার মনপুরা উপজেলার বাসিন্দা মোঃ মাসুদ ও তার স্ত্রী ফাতেমা বেগম। শুক্রবার (১২ জুন) আয়োজিত সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে মোঃ মাসুদ জানান, সামাজিক যোগাযোগ মাধ্যমে ভারতের নাগরিক দীপালি সিংহ, বর্তমান নাম ফাতেমা বেগমের সঙ্গে তার পরিচয় ও পরবর্তীতে প্রেমের সম্পর্ক গড়ে ওঠে। একপর্যায়ে ফাতেমা বাংলাদেশে আসলে তিনি তাকে নিয়ে তার ভগ্নিপতি মোফাক্কারুল ইসলাম মিশনের বাসায় ওঠেন। সেখানে পারিবারিক সম্মতিতে তাদের বিয়ে সম্পন্ন হয়। সংবাদ সম্মেলনে তিনি অভিযোগ করেন, বিয়ের পর ভগ্নিপতি মোফাক্কারুল ইসলাম মিশন তাদের একটি প্লট ক্রয় করে দেওয়ার আশ্বাস দিয়ে নগদ ৫ লাখ টাকা গ্রহণ ৩ এর পাতায় দেখুন

বাউফলে বাজেট ভাবনা নিয়ে নাগরিক সংবাদ সম্মেলন করলেন ড. মাসুদ এমপি

বাউফল প্রতিনিধি

নিজ নির্বাচনী এলাকা পটুয়াখালী-২ (বাউফল) আসনের "ভোটার ও সচেতন নাগরিকদের বাজেট-সংক্রান্ত ভাবনা ও প্রত্যাশা জানতে আলোচনা সভা ও সংবাদ সম্মেলন করেছেন পটুয়াখালী-২ (বাউফল) আসনের সংসদ সদস্য ড.শফিকুল ইসলাম মাসুদ। শুক্রবার (১২ জুন) বেলা ১২টায় বাউফল উপজেলা পরিষদের পুরাতন অডিটরিয়াম হলরুমে এ নাগরিক সংবাদ সম্মেলনের আয়োজন করে বাউফল উপজেলা জামায়াত। সভায় বাউফল উপজেলার বিভিন্ন শ্রেনীপেশার লোকজন অংশগ্রহণ করে মতামত উপস্থাপন ৩ এর পাতায় দেখুন

বাংলাদেশে এলেন ভারতের নতুন হাইকমিশনার

কীর্তনখোলা ডেস্ক

বাংলাদেশে এসে পৌঁছেছেন ভারতের নতুন হাইকমিশনার দিনেশ ত্রিবেদী। স্ত্রী মৃণাল ত্রিবেদীকে নিয়ে শুক্রবার দুপুরে পেট্রাপোল-বেনাপোল সীমান্ত চেকপয়েন্ট দিয়ে বাংলাদেশে প্রবেশ করেন তিনি। ভারতীয় হাইকমিশন জানিয়েছে, দীনেশ ত্রিবেদী এবং মৃণাল ত্রিবেদীকে বাংলাদেশে উষ্ণ অভ্যর্থনা জানান ডেপুটি হাইকমিশনার পবন বঢ়ে। বাংলাদেশে ভারতের নতুন হাইকমিশনার হিসেবে এপ্রিলের শেষের দিকে আনুষ্ঠানিকভাবে ভারতের সাবেক রেলমন্ত্রী ও বিজেপি নেতা দিনেশ ত্রিবেদীকে নিয়োগ দেওয়া হয়। ২০২৪ সালের আগস্টে শেখ হাসিনার পতনের পর অধ্যাপক মুহাম্মদ ইউনূসের নেতৃত্বাধীন অন্তর্বর্তী সরকারের সময় ঢাকার সঙ্গে দিল্লির সম্পর্ক তলানিতে ঠেকে। বিএনপি সরকার দায়িত্ব নেওয়ার পর থেকে ঢাকা ও দিল্লি সেই তিক্ততা কাটিয়ে সম্পর্ক পুনরুজ্জীবিত করার পদক্ষেপ নিচ্ছে উভয় পক্ষ। এমন সময়ে বাংলাদেশে হাইকমিশনার হিসেবে রাজনীতিবিদ দিনেশ ৩ এর পাতায় দেখুন

সীমান্তে 'পুশইন' আন্তর্জাতিক আইন ও মানবতার পরিপন্থি

চরমোনাই পীর

কীর্তনখোলা ডেস্ক

ইসলামী আন্দোলন বাংলাদেশের আমির মুফতি সৈয়দ মুহাম্মদ রেজাউল করীম (চরমোনাই পীর) বলেছেন, সীমান্তে ভারতের 'পুশইন' কার্যক্রম আন্তর্জাতিক আইন ও মানবতার পরিপন্থি। এ ধরনের আচরণ দুই দেশের বন্ধুত্বপূর্ণ সম্পর্ক ক্ষতিগ্রস্ত করে। শুক্রবার (১২ জুন) বিকেলে ইসলামী আন্দোলন বাংলাদেশ পঞ্চগড় জেলা শাখার আয়োজনে জেলা কার্যালয়ে দোয়া অনুষ্ঠান শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এসব কথা বলেন। চরমোনাই পীর বলেন, সীমান্তে যে পুশইনের কার্যক্রম আমরা লক্ষ্য করছি, তা সম্পূর্ণ আন্তর্জাতিক ও মানবতাবিরোধী। যেভাবে মানুষকে অমানবিক পরিস্থিতির মধ্যে ফেলা হচ্ছে, তা আন্তর্জাতিক আইনের সুস্পষ্ট লঙ্ঘন। সীমান্তে দায়িত্ব পালনকারী সদস্যদের প্রশংসা করে তিনি বলেন, বাংলাদেশের সীমান্তরক্ষী বাহিনী ৩ এর পাতায় দেখুন

ভূমি অধিগ্রহণ না করে সেতু নির্মাণের কাজ করায় ভূমি মালিকদের মানববন্ধন

মুলাদী প্রতিনিধি

মুলাদীর তালুকদার হাটে ভূমি অধিগ্রহণ না করে সেতু নির্মানের কাজ করায় ভূমি মালিকদের মানববন্ধন। গতকাল শুক্রবার বিকেল ৫টায় সেতুর কাজ বন্ধ করে দিয়ে সরকারের হস্তক্ষেপ কামনা করে মানববন্ধন করে স্থানীয় জমির মালিকরা। মানববন্ধনে বক্তারা বলেন তিন বছর পূর্বে শুরু হওয়া নয়া ভাংগলি নদীর উপর মুলাদি তালুকদার হাট থেকে পাতারচর পর্যন্ত ৩৮৫৭৩২৩৯ টাকার ২৮০ মিটার সেতুর কাজ শুরু হয়। সেতুর কাজ শুরু হওয়ার পর থেকেই নদীর পূর্ব পাড়ের জমির রেকর্ডিও মালিকরা উপজেলা প্রশাসন ও সহকারী কমিশনার ভূমি বরাবরে লিখিতভাবে তাদের জমির ৩ এর পাতায় দেখুন

পটুয়াখালীতে বড় পর্দায় দেখা যাবে না ফুটবল বিশ্বকাপ

পটুয়াখালী প্রতিনিধি

পটুয়াখালীর ফুটবলপ্রেমীদের উন্মাদনায় বাগড়া দিয়েছে জেলা প্রশাসন। আইন-শৃঙ্খলা রক্ষা ও বিদ্যুৎ সাশ্রয়ের কারণ দেখিয়ে শহরের প্রাণকেন্দ্র ঝাউবন এলাকায় বড় এলইডি মনিটরে ফুটবল বিশ্বকাপ খেলা দেখার আয়োজন বন্ধের নোটিশ দেওয়া হয়েছে।

অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট সই করা এ নোটিশে উল্লেখ করা হয়, রাত্রিকালীন সময়ে বড় এলইডি মনিটরে খেলা প্রদর্শনের কারণে অতিরিক্ত জনসমাগম তৈরি হতে পারে, যা আইন-শৃঙ্খলা পরিস্থিতির জন্য ঝুঁকির কারণ হতে পারে। পাশাপাশি বিদ্যুতের অপচয়ের বিষয়টিও বিবেচনায় নেওয়া হয়েছে। এ ঘটনায় ক্ষোভ প্রকাশ করে স্থানীয় বাসিন্দা রুবেল হাওলাদার বলেন, 'চার বছর পরপর বিশ্বকাপ আসে। পরিবার-পরিজন ও বন্ধুদের নিয়ে একসঙ্গে খেলা দেখার আনন্দ অন্যরকম। প্রশাসন চাইলে নিরাপত্তার ৩ এর পাতায় দেখুন

সোনার দাম এখন ২ লাখ ২০ হাজার টাকার নিচে

কীর্তনখোলা ডেস্ক

দেশের বাজারে ভালো মানের এক ভরি সোনা বিক্রি হচ্ছে ২ লাখ ২০ হাজার টাকার নিচে। আর কম দামি বা সনাতন পদ্ধতির এক ভরি সোনা বিক্রি হচ্ছে দেড় লাখ টাকার কম দামে। ভালো মানের রুপার ভরি বিক্রি হচ্ছে ৫ হাজার টাকার নিচে। দেশে সোনা ও রুপার দাম নির্ধারণের দায়িত্ব পালন করা বাংলাদেশ জুয়েলার্স অ্যাসোসিয়েশন (বাজুস) ১১ জুন সকাল ১০টা থেকে সোনা ও রুপার এই দাম নির্ধারণ করে। আবার নতুন দাম নির্ধারণ না হওয়া পর্যন্ত এই দামেই দেশে সোনা ও রুপা বিক্রি হবে। বাজুস নির্ধারণ করা দর অনুযায়ী, বর্তমানে সবচেয়ে ভালো মানের বা ২২ ক্যারেটের প্রতি ভরি সোনা বিক্রি হচ্ছে ২ লাখ ১৮ হাজার ৩৫০ টাকা। ২১ ক্যারেটের এক ভরি সোনা বিক্রি হচ্ছে ২ লাখ ৮ হাজার ৪৩৬ টাকা। এছাড়া ১৮ ক্যারেটের প্রতি ভরি সোনা বিক্রি হচ্ছে ১ লাখ ৭৮ হাজার ৬৯২ টাকা। আর ৩ এর পাতায় দেখুন

কাউখালীতে স্টার্টআপ, বিজ্ঞান প্রকল্প ও উদ্ভাবনী ধারণা প্রদর্শনী

কাউখালী প্রতিনিধি

পিরোজপুরের কাউখালীতে স্টার্টআপ, বিজ্ঞান প্রকল্প ও উদ্ভাবনী ধারণা প্রদর্শনী অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার (১২ জুন) সকালে উপজেলা পরিষদ চত্বরে উপজেলা পর্যায়ে প্রদর্শনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, কাউখালী উপজেলা নির্বাহী অফিসার মোঃ আসাদুজ্জামান। অনুষ্ঠানে বক্তব্য রাখেন, কাউখালী থানার অফিসার ইনচার্জ (ওসি) মোঃ আনোয়ার হোসেন, উপজেলা প্রকৌশলী ইমতিয়াজ হোসাইন রাসেল, উপজেলা কৃষি সম্প্রসারণ অফিসার প্রদীপ কুমার হালদার, উপজেলা আইসিটি অফিসার মোঃ মেহেদী হাসান প্রমুখ। অনুষ্ঠান সঞ্চালনা করেন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ৩ এর পাতায় দেখুন

সারাদেশে নিষিদ্ধ সংগঠন আওয়ামী লীগ, যুবলীগ, ও ছাত্রলীগের ঝটিকা মিছিল ও সীমান্তে পুশইনের বিরুদ্ধে বরিশাল জেলা ছাত্র অধিকার পরিষদের সংবাদ সম্মেলন -কীর্তনখোলা

খেলনা দেওয়ার কথা বলে ছয় বছরের শিশুকে ধর্ষণ

মেহেন্দিগঞ্জ প্রতিনিধি

খেলনা দেওয়ার কথা বলে ডেকে নিয়ে ছয় বছরের এক শিশুকে ধর্ষণের অভিযোগ উঠেছে। ঘটনার পর অভিযুক্ত এনায়েত খান (৫০) স্থানীয়দের ম্যানেজ করে বিষয়টি রফাদফার চেষ্টা করেন। পরবর্তীতে ব্যর্থ হয়ে তিনি এলাকা ছেড়ে আত্মগোপন করেছেন। ঘটনাটি বরিশালের মেহেন্দীগঞ্জের কাজীরহাট থানার। খবর পেয়ে কাজীরহাট থানা পুলিশ শিশুটিকে উদ্ধার করে বৃহস্পতিবার (১১ জুন) বিকেলে বরিশাল শের-ই বাংলা মেডিক্যাল কলেজ হাসপাতালের ওয়ান স্টপ ক্রাইসিস সেন্টারে (ওসিসি) পাঠিয়েছেন। এর আগে বুধবার (১০ জুন) বিকেলে কাজীরহাট এলাকায় এ ন্যাক্কারজনক ঘটনাটি ঘটেছে। এ ঘটনায় শিশুর দাদা বাদি হয়ে ৩ এর পাতায় দেখুন

ঝালকাঠি সদরে স্টার্টআপ ও বিজ্ঞান প্রকল্প প্রদর্শনী অনুষ্ঠিত

ঝালকাঠি প্রতিনিধি

ঝালকাঠি সদর উপজেলায় শিক্ষার্থীদের সৃজনশীলতা, উদ্ভাবনী চিন্তা ও প্রযুক্তিনির্ভর দক্ষতা বিকাশে "স্টার্টআপ, সায়েন্স প্রজেক্ট অ্যান্ড ইনোভেশন আইডিয়া শোকেসিং প্রোগ্রাম" অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার সকাল ১০টায় উপজেলা পরিষদ মিলনায়তনে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের উদ্যোগে এবং এডুকেশনাল এক্সিলেন্স সাপোর্ট স্কিম (EESS), এসইডিপি-এর সহযোগিতায় এ কর্মসূচির আয়োজন করা হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা সেগুফতা মেহনাজ। এ সময় উপস্থিত ছিলেন ৩ এর পাতায় দেখুন

মাদকাসক্তি ও মানসিক
রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে
দি নিউ লাইফ
মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড
যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।
০১৭১৩-৯৫০৯৪১
০১৭১৩-১৬৯৮২৮

বিসমিল্লাহির রাহমানির রাহিম

কম্পিউটারের সবকিছুই আপনার নাগালে
ঈশিতা কম্পিউটার
All Kinds Of Computer Solution.
Accessories Selling, Training
& Digital Photography
উপজেলা রোড, আগৈলঝাড়া, বরিশাল। মোবাইল: ০১৭১৫২১৩৫৪৬

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় ঃ সৌরভ লজ, গোড়াচাঁদ দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com